# Others

## বিবিধ পত্রাবলী

-20

Government of the People's Republic of Bangladesh
Ministry of Finance & Planning
Statistics Division

No.PB/PM/423/77-1685 Dated, Dacca, the 31st May, 1982

NOTIFICATION

Government have been pleased to redesignate, with immediate effect, the following posts of Bangladesh Bureau of Statistics under this Division as below:-

| Existing designation | New National Scale of Pay | New designation |
|---|---|---|
| Regional Survey Officer<br>Assistant Statistician<br>Research Assistant | Tk 625-1315 | Asstt Statistical Officer |

(Motahar Hussain) 31/5/82
Deputy Secretary

No.PB/PM/423/77-1685 Dated: 31st May, 1982

Officer on Special Duty, Government Press, Tejgaon, Dacca with the request to kindly publish the above notification in the n... of Bangladesh Gazette.

(Motahar Hussain) 31/5/82
Deputy Secretary

No.PB/PM/423/77-1685 Dated: 31st May, 1982

Copy forwarded for information and necessary action to:-

(1) The Accountant General, Bangladesh, Dacca

(2) Financial Adviser, Ministry of Planning with reference to their notes dated 15.4.82 recorded on file No.FA(P)-17/81

(3) Ministry of Finance with reference to their notes dated 26.5.82 on our file No.PB/PM/423/77

(4) Establishment Division with reference to their notes dated 6.5.82 on file No.ED(R-2)A-7/78

(5) Director, Population Census & Demographic Survey Wing, BBS

(6) Director, Agriculture Statistics Wing, BBS

(7) Director, Sample Survey & Research Wing, BBS

(8) Joint Director, National Income & Trade Statistics

(9) CTO, Reproduction, Publication & Documentation Wing, BBS

(10) Director, Computer & Data Processing Wing, BBS

(11) Joint Director, Industry & Labour Statistics Wing, BBS

(12) Deputy Director, Training & Manpower Development Wing, BBS

(13) Section Officer-I, Statistics Division

(14) Office copy

(Rahmatullah)
Section Offi...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ফিল্ড প্রশাসন
১৪/২, তোপখানা রোড, আনছারী ভবন
ঢাকা।

নং-পরি/গপ্রবজ/ফিঃপ্রঃ/১০(২২৬)/৮২-১৪০৭

তারিখঃ- ১১/৮/৮৮ ইং
২৭/৪/৯৫ বাং

সার্কুলার

নিম্ন স্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছি যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ফিল্ড প্রশাসনের আওতাধীন কর্মরত কর্মচারীদের উচ্চ শিক্ষা গ্রহনার্থে অধ্যায়ন/বহিরাগত ছাত্র হিসাবে পরীক্ষায় অংশ গ্রহনের জন্য বিভাগীয় অনুমতি সংক্রান্ত ব্যাপারে আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তা-গন তাঁহার অধীনস্থ সকল কর্মচারীদের সরকারী কাজের ব্যাঘাত না হওয়া সাপেক্ষে অনুমতি প্রদান করিতে পারিবেন।

( মোঃ বোরহান উদ্দিন )
প্রশাসনিক কর্মকর্তা
ফিল্ড প্রশাসন।

বিতরণঃ-

১। সকল আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তা

হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
বাংলাদেশ, ঢাকা।

প্রশা-৭/এক-২৯৭(১)/৫৯০

তারিখঃ- ০৫/৭/১৪০১ বাং / ২০/১০/৯৪ ইং

" সার্কুলার "

লক্ষ্য করা যাইতেছে যে, অবসর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর পেনশন কেইস নিষ্পত্তিকালে নিয়োগকালীন অতিরিক্ত বয়স প্রমার্জনের বিষয়ে বিভিন্ন পূর্ব নিরীক্ষা অফিস হইতে অডিট আপত্তি উত্থাপন করা হইতেছে। ইহাতে অবসর প্রাপ্ত কর্মকর্তা/ / কর্মচারীগণ অযথা হয়রানির শিকার হইতেছেন এই বিষয়ে মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়ের ১৭/৮/৯১ ইং তারিখের নং- সিজিএ/বেনি-২/২৪(খ)/পার্ট-২/৬০ নং- স্মারকের প্রেক্ষিতে হিসাব মহা-নিয়ন্ত্রক মহোদয় এই মর্মে নির্দেশ প্রদান করিয়াছেন যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক কর্মকর্তা/কর্মচারীর নিয়োগের মধ্যেই কর্তৃপক্ষ কর্তৃক অতিরিক্ত বয়স প্রমার্জিত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে। অতএব, পেনশন বেতন নির্ধারণ ও অন্যান্য কোন বিষয়ে অতিরিক্ত বয়স প্রমার্জন সংক্রান্ত ( Condomation of age

কোন আপত্তি উত্থাপন না করার জন্য সংশ্লিষ্ট সকল প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ও থানা হিসাব রক্ষণ কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাঃ
( মোঃ সাহাবুদ্দিন পাটোয়ারী )
উপ-হিসাব মহা- নিয়ন্ত্রক ( প্রশা)
ফোন ঃ ৪০ ৭২ ৫১।

পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-পবি/পম/শা-২/সাং ২ )/৯১(অংশ-৩)-৭২৭

তারিখঃ- ১৩/৬/৯৫ ইং / ৩০/২/১৪০২ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে অনুলিপি প্রেরিত হইল ঃ-

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান বিভাগ।
২। উপ-সচিব-১/২, পরিসংখ্যান বিভাগ।
৩। শাখা-১/২/৩/৪/৫/৬, পরিসংখ্যান বিভাগ।
৪। মহা-পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৫। সংশ্লিষ্ট উইং প্রধান ..................................................
৬। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ..................................................

( মোঃ গিয়াস উদ্দিন আহমেদ )
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রনালয়
পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

---

নং-২/১৬/৯০-পবি-৬-৭৩

তারিখঃ- ৩-৪-৯১ইং / ১৯-১২-৯৭বাং

বিষয়ঃ- সকল উইং এর কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমণ ভাতা বিল দাখিল প্রসংগে।

নির্দেশিত হইয়া জানানো যাইতেছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল উইং এর কর্মকর্তা/কর্মচারী-গনের চলতি সালের ভ্রমণ ভাতা বিল পরিশোধেরবিষয়ে পরিসংখ্যান বিভাগে প্রাপ্ত কতিপয় তথ্য ও উইং সমূহ কর্তৃক গৃহীত নীতি পরীক্ষান্তে দেখা যায় যে, ভ্রমণকারী কর্মকর্তা/কর্মচারীগন ভ্রমণ করার পর নিয়মিত বিল দাখিল করেন না। কোন কোন বিল ৩/৪ মাস পর এমনকি ১ বৎসর পরও দাখিল করিতে দেখা যায়। কর্তৃপক্ষ ও বিল পরিশোধের অগ্রাধিকার না মানিয়া বিল সমূহ গ্রহন ও পরিশোধ করিয়া থাকেন। ফলে ভ্রমণকারী গনের মধ্যেও বিলের টাকা প্রাপ্তির বিষয়ে তেমন ঝুকি না থাকায় নিয়মিত বিল দাখিলের প্রবণতা হ্রাস পাইয়া আসিতেছে।

অতএব, এই মর্মে আদেশ জারী করা যাইতেছে যে, প্রত্যেক ভ্রমণকারী কর্মকর্তা/কর্মচারী যে মাসে ভ্রমণ করিবে অবশ্যই পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে বিল জমা দিবেন। অন্যথায় তাহার বিল কোন এক্ষেত্রেই গ্রহন করা হইবে না। ভ্রমণকারী কর্মকর্তা/কর্মচারী বিল জমা দেওয়ার সাথে সাথে গ্রহন কারী কর্তৃপক্ষ বিল গ্রহনের তারিখ লিপিবদ্ধ করিয়া বিলের গায়ে স্বাক্ষর করিবেন। এবং বিল পাশ ও পরিশোধের ক্ষেত্রে এই তারিখের অগ্রাধিকার মানিয়া চলিবেন। কোন এক্ষেত্রেই আগে গৃহীত বিল পরে, কিংবা পরে গৃহীত বিল আগে পরিশোধ করা যাইবেনা।

প্রত্যেক অর্থ বৎসরের শুরুতে জুলাই মাসের মধ্যে উইং সমূহ হইতে পূর্ববর্তী বৎসরের জমা বকেয়া বিলের হিসাব বিভাগকে অবহিত করিতে হইবে।

প্রত্যেক উইং তাহাদের স্ব-স্ব উইং এর কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে উপরোক্ত স্মারকলিপি বিতরণ করিয়া আদেশ জারী করিবেন এবং বিভাগে অনুলিপি প্রেরণ করিবেন।

স্বাঃ- মোস্তফা এ কে ফরিদ,
পরিসংখ্যান অফিসার।

বিতরণঃ-

-----

১। পরিচালক, কৃষি পরিসংখ্যান উইং, বিবিএস, ঢাকা।
২। *** *** ***
৩। অফিস কপি।

স্মারকনং-পরি/কৃষি/হিঃ-১০/৮৭-১৪৬১/১(১৮০)

তারিখঃ-- ~~২৭/৪/৯১ইং~~ / ১৩/১/৯৮ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

১। জনাব মোস্তফা এ, কে, ফরিদ, এস, ও, পরিসংখ্যান বিভাগ, সচিবালয়, ঢাকা।

২। সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ [illegible]

৩। অফিস কপি।

২৫/৪/৯১

( মোঃ শফীকুল ইসলাম খান )
উপ-পরিচালক(সিস্টি)
কৃষি পরিসংখ্যান উইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
জেএ-২ শাখা।

নং ঃ সম(জেএ-২)-২৩/৯৬-১৭০ তারিখ ঃ ২১-৪-৯৮ খৃঃ। / ৮-১-১৪০৫ বাং।

## প্রজ্ঞাপন

রাষ্ট্রপতির সচিবালয়ের পত্র নম্বর ৫১.১১০.৬.০.১.৯৩-৯৭(৭) তারিখ ১৮-৪-১৯৯৫ খৃঃ এর ভিত্তিতে সংস্থাপন মন্ত্রণালয়ের অধীনস্থ জেলা গেজেটীয়ার কার্যালয় বিলুপ্তকরণ সংক্রান্ত সিদ্ধান্তটির কার্যকারিতা আগামী ৩০ শে জুন, ১৯৯৮ খৃঃ তারিখ পর্যন্ত স্থগিত রাখা হইল। অতঃপর ১লা, জুলাই, ১৯৯৮খৃঃ তারিখ হইতে উক্ত কার্যালয়টির কার্যকারিতা বিলুপ্ত হইবে।

২। বিলুপ্তির তারিখ হইতে জেলা গেজেটীয়ার কার্যালয়ের দায়িত্ব পরিসংখ্যান বিভাগের উপর ন্যস্ত হইবে এবং উক্ত দায়িত্ব প্রাপ্ত বিভাগ কোন উপযুক্ত সংস্থা ( লায়নেভ বডি ) বা পন্ডিত ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক অথবা জেলা প্রশাসকের মাধ্যমে গেজেটীয়ার প্রনয়ণের ব্যবস্থা গ্রহন করিবে।

৩। উক্ত কার্যালয়ে প্রেষণে নিয়োজিত কর্মকর্তাদের নিজ নিজ ক্যাডার/অফিসে ফেরৎ পাঠানো হইবে।

৪। ৩য় ও ৪র্থ শ্রেনীর কর্মচারীদের উদ্বৃত্ত কর্মচারী হিসাবে ঘোষনা করা হইবে এবং তাঁহাদের বিধি মোতাবেক অন্যত্র চাকুরীতে আত্মীকরণ করা হইবে।

৫। এই আদেশ সংস্থাপন মন্ত্রনালয়ের প্রজ্ঞাপন নং- সম(জেএ-২)-২৩/৯০--৩৯১ তারিখ ১৭-৬-১৯৯৬খৃঃ এর অনুবৃত্তিক্রমে জারী করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
(স্বাক্ষর)
( ডঃ শাহ মোহাম্মাদ ফরিদ )
সচিব
সংস্থাপন মন্ত্রনালয়।

নং সম(জেএ-২)-২৩/৯০-১৭০/১(২০) তারিখ ঃ ২১-৪-৯৮ খৃঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়।
৫। সচিব, তথ্য মন্ত্রনালয়/শিক্ষা মন্ত্রনালয়।
৬। যুগ্ম- সচিব, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, সংস্থাপন মন্ত্রনালয়।
৭। সাধারণ সম্পাদক, জেলা গেজেটীয়ার কার্যালয়, ৫৫, সায়েন্স ল্যাবরেটরী রোড, ঢাকা-১২০৫।
৮। উপ- সচিব, উর্দ্ধতন নিয়োগ/কনিষ্ঠ নিয়োগ/প্রশাসন-২, সংস্থাপন মন্ত্রনালয়।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রনালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
১০। সিনিয়র সহকারী সচিব, উর্দ্ধতন নিয়োগ-৩/প্রশাসন-৬ শাখা, সংস্থাপন মন্ত্রনালয়।
১১। উপ- নিয়ন্ত্রক, বি, জি, প্রেস, তেজগাঁও, ঢাকাকে এই প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হইল।

(স্বাক্ষর)
( শৈলেন্দ্রনাথ মজুমদার )
উপ- সচিব(জেএ এন্ড এসএ)
ফোন ঃ ৮৬৯৩১।

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
জেএ- ২ শাখা।

নং: সম(জেএ- ২) - ২৩/৯০ - ২০৭

তারিখ : ২০ - ৫ - ৯৮ খৃঃ।
৬ - ২ - ১৪০৫ বাং।

অফিস আদেশ

বাংলাদেশ জেলা গেজেটীয়ার কার্যালয়টি আগামী ১ - ৭ - ৯৮ খৃঃ তারিখ হতে বিলুপ্ত ঘোষণার প্রেক্ষিতে নিম্নোক্ত কার্যক্রম সমূহ সম্পাদন পূর্বক সংস্থাপন মন্ত্রণালয়কে অবহিত করনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হোল।

১। জেলা গেজেটীয়ারের সকল প্রকাশনা, বই-পুস্তক, দলিল দস্তাবেজ, পান্ডুলিপি, রেকর্ডপত্র, নথিপত্র ইত্যাদির তালিকা প্রস্তুত পূর্বক পারস্পরিক যোগাযোগের মাধ্যমে পরিসংখ্যান বিভাগের নিকট আগামী ২০ - ৬ - ৯৮ খৃঃ তারিখের মধ্যে হস্তান্তর করন।

২। জেলা গেজেটীয়ার কার্যালয়ের সমুদয় আসবাব পত্র, অফিস ইকুইপমেন্ট, বৈদ্যুতিক সরঞ্জাম ইত্যাদির তালিকা প্রস্তুত পূর্বক সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ৩০ - ৬ - ৯৮ খৃঃ তারিখের মধ্যে হস্তান্তর করন।

৩। জেলা গেজেটীয়ার কার্যালয়ের নিজস্ব বাজেট হতে ক্রয়ীত টয়োটা স্কারলেট গাড়ীটি (লাইসেন্স, ব্লু-বুক ইত্যাদি যাবতীয় কাগজপত্র ও খুচরা যন্ত্রাংশ সহ) সরকারী যানবাহন অধিদপ্তরের নিকট হস্তান্তর করন।

৪। উদ্বৃত্ত ঘোষিত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের চাকুরী বহি এবং চাকুরী সংক্রান্ত রেকর্ডপত্র সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের প্রশাসন শাখা - ১ এর সংশ্লিষ্ট সিনিয়র সহকারী সচিবের নিকট প্রেরন।

স্বাঃ -
(ইকবাল উদ্দিন আহমেদ চৌধুরী)
উপ- সচিব (জেএ এন্ড এফএ)
ফোন: ৮৬১৭৩১/২৪১৫/২১৬।

সাধারণ সম্পাদক
জেলা গেজেটীয়ার কার্যালয়
৫৫, সায়েন্স ল্যাবরেটরী রোড,
ঢাকা।

নং: সম(জেএ- ২)- ২৩/৯০ - ২০৭/১(৫)

তারিখ : ২০ - ৫ - ৯৮ খৃঃ।
৬ - ২ - ১৪০৫ বাং।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :-

১। সচিব, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
২। কমিশনার, সরকারী যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা। তাঁকে উপরোক্ত ৩ দফায় বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হোল।
৩। উপ- সচিব (প্রশাসন - ১), সংস্থাপন মন্ত্রণালয়। তাকে উপরোক্ত ২ ও ৪ দফায় বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হোল।
৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন - ১), সংস্থাপন মন্ত্রণালয়।
৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন - ৪), সংস্থাপন মন্ত্রণালয়।

২০/৫/৯৮
(ইকবাল উদ্দিন আহমেদ চৌধুরী)
উপ- সচিব (জেএ এন্ড এফ এ)
ফোন: ৮৬১৭৩১/২৪৫১/২১৬।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

অতি জরুরী

নং-পবি-১(০৩৫৮)/৯৮- ১৫৬

তারিখঃ ১৭-৬-৯৮ইং
০৩-০৩-১৪০৫বাং

প্রেরকঃ কাজী গোলাম মোস্তফা
সহকারী সচিব।

প্রাপকঃ পরিচালক(ভারপ্রাপ্ত)
আর টি এস এস উইং।
১২, গজনবী রোড,
মোহাম্মদ পুর,ঢাকা।

বিষয়ঃ- জেলা গেজেটীয়ারের মালামাল গ্রহন সংক্রান্ত।

জনাব,

উপরোক্ত বিষয়ে জেলা গেজেটীয়ারের সকল প্রকাশনা,বই-পুস্তক,দলিল-দস্তাবেজ,পান্ডুলিপি রেকর্ডপত্র ও নথিপত্র ইত্যাদি এবং ঐ সকল মালামাল রক্ষিত আলমারী ও সংশ্লিষ্ট অন্যান্য আসবাব পত্রগুলো জরুরী ভিত্তিতে ৫৫,সায়েন্স ল্যাগরেটরী রোডস্থ বর্তমান জেলা গেজেটীয়ার কার্যালয় থেকে গ্রহন করতে নির্দেশক্রমে অনুরোধ করছি।

(কাজী গোলাম মোস্তফা)
সহকারী সচিব।
ফোনঃ-৩০২১

নং-পবি-১(০৩৫৮)/৯৮-

তারিখঃ-১৭-৬-৯৮ইং
০৩০৩-১৪০৫বাং

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

১। সাধারন সম্পাদক,জেলা গেজেটীয়ার কার্যালয়,
৫৫,সায়েন্স ল্যাবরেটরী রোড,ঢাকা।
২। জনাব ইকবাল উদ্দিন আহমেদ চৌধুরী,উপ-সচিব(জেএ-এন্ড-এফ)
সংস্থাপন মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান বিভাগ।

(কাজী গোলাম মোস্তফা)
সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং পবি/পম/ ৪(৩০৫)/৯৩(অংশ-১) - ৩৯৮ তারিখঃ ১৮/৩/১৯৯৮

অফিস আদেশ

আগামী ৩০শে জুন/৯৮ তারিখে পরিসংখ্যান বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত নিম্নলিখিত চারটি প্রকল্পের কার্যক্রম সমাপ্ত হয়ে যাবে।

১। স্বাস্থ্য ও জনতত্ত্ব জরিপ প্রকল্প।
২। দারিদ্র পরিস্থিতির ধারাবাহিক ও নিয়মিত পরিবিক্ষণ প্রকল্প।
৩। স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিবিক্ষণ প্রকল্প।
৪। প্রধান প্রধান শস্যে কৃষি উপকরণ ব্যবহার জরিপ প্রকল্প।

গত ১৫/৩/৯৮ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক এসকল প্রকল্পের যাবতীয় সম্পদ, দায় এবং দায়িত্ব সংশ্লিষ্ট উইং এর কার্যক্রমের সাথে ১লা জুলাই/৯৮ তারিখ থেকে ন্যাস্ত হয়ে যাবে। যেহেতু উইং সমূহের বর্তমান অফিস ভবন সমূহে স্থানভাব রয়েছে এবং ৩০শে জুনের মধ্যে প্রকল্পগুলির যাবতীয় মালামাল প্রকল্পের অফিস সমূহ থেকে স্থানান্তর করতে হবে সেহেতু প্রকল্পগুলির মালামাল সমূহ নিম্নলিখিত ভাবে পরিসংখ্যান ভবন নির্মান সমাপ্ত না হওয়া পর্যন্ত হেফাজত করার জন্য নির্দেশ দেয়া হলো।

| | | |
|---|---|---|
| ১। | প্রধান প্রধান শস্যে কৃষি উপকরণ ব্যবহার জরিপ প্রকল্প | কৃষি পরিসংখ্যান উইং এর নতুন ভাড়া করা জায়গায়। |
| ২। | দারিদ্র পরিস্থিতি ধারাবাহিক ও নিয়মিত পরিবিক্ষণ প্রকল্প | কাটোগ্রার্ফী শাখার অফিস ভবনের ৫ম তলায়। |
| ৩। | স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিবিক্ষণ প্রকল্প | -ঐ- |
| ৪। | স্বাস্থ্য ও জনতত্ত্ব জরিপ প্রকল্প | শিল্প পরিসংখ্যান অফিস ভবনের খালি জায়গায়। |

সম্প্রতি সরকার কর্তৃক পরিসংখ্যান বিভাগে ন্যাস্ত জেলা গেজেটিয়ার অফিসের যাবতীয় মালামালও কাটোগ্রার্ফী শাখার ৫ম তলায় সংরক্ষণ করতে হবে।

(স্বাক্ষর) ২৪/৩/৯৮
(ওয়ালিউল ইসলাম)
সচিব।

নং-পবি/পম/৪(৩০৫)/৯৩(অংশ-১)-৩৯৮ তাং-২৪/৩/৯৮ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো:

১। উপ-সচিব (প্র:), পরিসংখ্যান বিভাগ।
২। পরিচালক (ভারপ্রাপ্ত) ....................... উইং বিবিএস।
৩। জনাব শাহাদাৎ হোসেন, প্রকল্প পরিচালক, স্বাস্থ্য ও জনতত্ত্ব জরিপ প্রকল্প।
৪। জনাব ফয়েজউদ্দিন আহমেদ,প্রকল্প পরিচালক, দারিদ্র পরিস্থিতির ধারাবাহিক ও নিয়মিত পরিবিক্ষণ প্রকল্প।
৫। জনাব মাফুজুল ইসলাম, প্রকল্প পরিচালক, স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিবিক্ষণ প্রকল্প।
৬। জনাব সিরাজুল কবির, প্রকল্প পরিচালক, প্রধান প্রধান শস্যে কৃষি উপকরণ ব্যবহার জরিপ প্রকল্প
৭। জনাব মঈনউদ্দিন আহমেদ, উপ-পরিচালক, কাটোগ্রার্ফী শাখা, সিডিপি এন্ড এস সি উইং।
৮। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান বিভাগ।

(স্বাক্ষর) ২৪/৩/৯৮
(লোকমান হাকিম)
উপ-সচিব (উ:)।

-৬-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
গবেষণা, প্রশিক্ষণ, নমুনা জরিপ ও ফিল্ড
প্রশাসন উইং
১২নং গজনবী রোড, কলেজগেইট
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

নং-বাপবু/গপ্রনজ/প্রঃ/৪৫৫/৯৮- ৩৬২ তারিখঃ ২৯/৬/৯৮ইং
১৫/৩/১৪০৫বাং

প্রাপক :- সাধারণ সম্পাদক,
জেলা গেজেটীয়ার কার্য্যালয়,
৫৫, সায়েন্স ল্যাবরেটরী রোড,
ঢাকা।

বিষয় :- জেলা গেজেটীয়ার কার্য্যালয়ের ষ্টীলের আলমারী ও বই-পুস্তক, রেকর্ডপত্র ইত্যাদি গ্রহণ করার ক্ষমতা প্রদান প্রসংগে।

সূত্র :- সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং সম(জে,এ-২)-২৩/৯০-২০৭/১(৫) তাং ২০-৫-৯৮ইং এবং ২৪৩ তাং ২৫-৬-৯৮ইং এবং পরিসংখ্যান বিভাগের স্মারক নং পবি-১_______________________তাং ১৭-৬-৯৮ইং।

সূত্রস্থ স্মারকে প্রদত্ত নির্দেশ মোতাবেক জেলা গেজেটীয়ার কার্য্যালয়, ৫৫, সায়েন্স ল্যাবরেটরী রোড, ঢাকা হইতে ১৯ (উনিশ) টি ষ্টীলের আলমারী ও বইপুস্তক, রেকর্ডপত্র, নথিপত্র ইত্যাদি গ্রহণ করার জন্য অত্র দপ্তরের প্রশাসনিক কর্মকর্তা, জনাব আবদুছ ছাত্তার মিয়াকে ক্ষমতা প্রদান করা হইল। জনাব ছাত্তারের নমুনা স্বাক্ষর নিম্নে সত্যায়িত করা হইল।

(মোঃ খুরশীদ কামাল)
পরিচালক।

২৯/৬/৯৮

... খুরশীদ কামাল
... পরিচালক (ভারপ্রাপ্ত)
... নমুনা জরিপ উইং
... পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপানুষ্ঠানিক পত্র নং- সম(জেএ-২)-২৩/৯০-২৪৩ তারিখঃ ১১ই আষাঢ় ১৪০৫ / ২৫শে জুন ১৯৯৮

প্রিয় সচিব,

সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন বিলুপ্ত ঘোষিত বাংলাদেশ জেলা গেজেটীয়ার কার্যালয়টির দায়িত্বভার পরিসংখ্যান বিভাগের উপর ন্যস্ত হওয়ায় উক্ত দায়িত্ব গ্রহণে সাময়িক অসুবিধা সৃষ্টির সম্ভাবনা এবং সেগুলো নিরসনকল্পে আপনার উপানুষ্ঠানিক পত্র নং- পবি-১(০৩৫৮) ৯৮-৯৫০ তারিখ ১৪-০৬-৯৮ খৃঃ এর মাধ্যমে পেশকৃত প্রস্তাব সমূহের বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের মন্তব্য / মতামত নিম্নে প্রদত্ত হোলঃ

(ক) জেলা গেজেটীয়ারের যাবতীয় রেকর্ডপত্র/পান্ডুলিপি ইত্যাদি যে সকল স্টীলের আলমারীতে রক্ষিত আছে উক্ত স্টীলের আলমারীগুলোসহ দলিল দস্তাবেজ পরিসংখ্যান বিভাগের নিকট হস্তান্তর করা হবে।

(খ) সরকারী সিদ্ধান্ত মোতাবেক জেলা গেজেটীয়ারে প্রেষণে নিয়োজিত সকল গবেষণা কর্মকর্তাকে নিজ নিজ ক্যাডার (শিক্ষা ক্যাডার) ইতোমধ্যেই ফেরৎ পাঠানো হয়েছে। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের উদ্বৃত্ত ঘোষণা পূর্বক বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে আত্মীকরণের লক্ষ্যে মনোয়ন পত্রও জারী করা হয়েছে। উক্ত কর্মচারীদের মধ্য হতে একজন উচ্চমান সহকারী এবং একজন নিম্নমান সহকারী কাম- মুদ্রাক্ষরিক পরিসংখ্যান ব্যুরোতে মনোনয়ন দেয়া হয়েছে। এমতাবস্থায়, স্ব স্ব ক্যাডারে ফেরৎ পাঠানো কর্মকর্তাদের পরিসংখ্যান ব্যুরোতে সংযুক্তি প্রদান করা সম্ভব হচ্ছে না। এ'ছাড়া পরিসংখ্যান ব্যুরোতে মনোনীত দুইজন কর্মচারীকে আত্মীকরণ করা হলে জেলা গেজেটীয়ারের চলমান কাজ সম্পাদনে তাঁদের দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগানো যেতে পারে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য।

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(গ) জেলা গেজেটীয়ারের জন্য ৯৮-৯৯ সনের বাজেটে অর্থ বরাদ্দের বিষয়টি সঠিক বলে মনে হয় না। কেননা জেলা গেজেটীয়ার কার্যালয়টি ১-৭-৯৮ইং তারিখ হতে বিলুপ্তির সিদ্ধান্ত অর্থ বিভাগের সচিবকেও অবহিত করা হয়েছে। এ'ছাড়া নতুন বছরের জন্য বাজেট বরাদ্দ বই এখনও অর্থ মন্ত্রনালয় থেকে পাওয়া যায়নি। অর্থ বরাদ্দ যদি হয়েও থাকে তবুও জেলা গেজেটীয়ার খাতে তা' ব্যয় করা বা উক্ত অর্থ পরিসংখ্যান ব্যুরোকে প্রদান করা সংস্থাপন মন্ত্রনালয়ের এখতিয়ার বহির্ভুত। বাজেটের বিষয়ে পরিসংখ্যান বিভাগ অর্থ বিভাগকে সংশ্লিষ্ট খাতে অর্থ বরাদ্দের জন্য অনুরোধ করতে পারে।

শুভেচ্ছান্তে,

(ডঃ শাহ মোহাম্মদ ফরিদ)
সচিব।

জনাব ওয়াসিউল ইসলাম
সচিব
পরিসংখ্যান বিভাগ।

অবগতির জন্য :-

১। সাধারণ সম্পাদক, বাংলাদেশ জেলা গেজেটীয়ার।

২। উপ-সচিব (প্রঃ-১), সংস্থাপন মন্ত্রনালয়।

৫-                                                                 ৭-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সংস্থাপন মন্ত্রণালয়**
**বাংলাদেশ জেলা গেজেটীয়ার**
৫৫, সায়েন্স ল্যাবরেটরী রোড
ঢাকা-১২০৫।

টেলিফোনঃ ৫০৮২৪৩
৫০৮১৭৯
৫০৮০৬৩

নং- জে/গে/১২৩/২৪৪৭                                   তারিখঃ ২৯/০৬/১৯৯৮ ইং

গেইট পাশ

সংস্হাপন মন্ত্রণালয়ের নির্দেশের প্রেক্ষিতে বাংলাদেশ জেলা গেজেটীয়ার অফিসের মোট ১৯ ( উনিশ ) টি স্টীলের আলমারী পরিসংখ্যান বিভাগ-কে বুঝাইয়া দেওয়া হইল ।

২৯/৬/৯৮

( শফিকুর রহমান )
সহ-সম্পাদক ( উপ-সচিব )

( শফিকুর রহমান )
সহ-সম্পাদক (উপ-সচিব)
জেলা গেজেটীয়ার, সংস্থাপন, মন্ত্রণালয়
বাংলাদেশ সরকার, ঢাকা।

সচিব,
পরিসংখ্যান বিভাগ,
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা ।

Received 19 (nineteen) Almirah
AO, 29-6-98
On behalf of Director, R.T.S.S. W.S. of B.B.S.

R.S.O. ... 

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ফিন্যান্স, এ্যাডমিনিষ্ট্রেশন্ এন্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

নং-বিবিএস-এমআইএস/ফিল্ড-৮/প্রশা/ ১৮৬/২০০২- ১১৫৭

তারিখঃ- ২৮/০৭/২০০২

বিষয় ঃ- আঞ্চলিক পরিসংখ্যান অফিসের নিয়মিত প্রতিবেদন ঢাকা হেড অফিসে জমা দেওয়ার নির্ধারিত সময়সূচী।

পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী আঞ্চলিক পরিসংখ্যান অফিসের নিয়মিত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | কাজের বিবরন | জমার তারিখ | | | |
|---|---|---|---|---|---|
| | **মাসিক প্রতিবেদন** | | | | |
| ১) | মাসিক কর্মকান্ডের অগ্রগতির প্রতিবেদন | পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে | | | |
| ২) | মাসিক খরচের হিসাব | পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে | | | |
| ৩) | মাসিক অগ্রিম ভ্রমন সূচী | পূর্ববর্তী মাসের ২৫ তারিখের মধ্যে | | | |
| ৪) | মাসিক ভ্রমন প্রতিবেদন | পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে | | | |
| ৫) | মাসিক ভ্রমন ভাতা বিল | পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে | | | |
| | **ত্রৈমাসিক প্রতিবেদন** | | | | |
| ৬) | শূণ্য পদের হিসাব | ১-৭ জুলাই | ১-৭ অক্টোবর | ১-৭ জানুয়ারী | ১-৭ এপ্রিল |
| ৭) | শ্রান্তিবিনোদন ছুটি প্রাপ্যদের তালিকা | ১-১৫ জুলাই | ১-১৫ অক্টোবর | ১-১৫ জানুয়ারী | ১-১৫ এপ্রিল |
| ৮) | ত্রৈমাসিক খরচের হিসাব | ৩০শে, জুন | ১-৭ অক্টোবর | ১-৭ জানুয়ারী | ১-৭ এপ্রিল |
| | **বার্ষিক প্রতিবেদন** | | | | |
| ৯) | আসবাবপত্রের চাহিদা পত্র | ১-১০ আগষ্ট | | | |
| ১০) | গৃহ নির্মাণ,মটরগাড়ী, মটর সাইকেল ও বাইসাইকেল অগ্রীম ঋণের দরখাস্ত | ১-১৫ই আগষ্ট | | | |
| ১১) | আন্তঃ অঞ্চল বদলীর দরখাস্ত | | ১-৩০ অক্টোবর | | |
| ১২) | পরবর্তী বৎসরের ষ্টেশনারী মালামালের চাহিদা পত্র | | ১৬-৩১ডিসেম্বর | | |
| ১৩) | সম্মানী ভাতার তালিকা | | | | ১৬-৩০এপ্রিল |

প্রতিবেদন প্রেরণের এই সময়সূচী কোন উপযুক্ত কারণ ব্যতিরেকে ব্যত্যয় ঘটালে সংশ্লিষ্ট আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তাকে কারণ দর্শানোর নোটিশ জারী করা হবে এবং বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রতিফলন হতে পারে। উল্লেখ্য সব সময় দৃষ্টিগোচরে রাখার সুবিধার্থে উপরোক্ত সময়সূচীটি আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তাগণ তাঁর টেবিল গ্লাসের নিচে রাখতে পারেন।

(মোঃ জোবদুল হক)
যুগ্ম-পরিচালক।

প্রাপক ঃ-
(সকল) আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তা,

৪৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং পবি-৫(৩১)/২০০০-১৬৪ তারিখঃ ১২/৪/২০০০

বিষয় ঃ বিদেশ প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ ইত্যাদি সংক্রান্ত বিষয়ে বৈদেশিক মিশন/ সংস্থার সাথে সরাসরি যোগাযোগ প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কোন কোন কর্মকর্তা বিদেশ প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ/ কনফারেন্স ইত্যাদিতে অংশ গ্রহনের বিষয়ে কর্তৃপক্ষের অজ্ঞাতে সরাসরি বৈদেশিক মিশন/ সংস্থার সাথে যোগাযোগ করে নিজেদের নামে উক্ত সেমিনার/ ওয়ার্কশপ/ কনফারেন্স ইত্যাদিতে যোগদানের জন্য প্রস্তাব সংগ্রহ করেন এবং তাদের আরোপিত টার্মস এন্ড কন্ডিশনেও স্বাক্ষর করে থাকেন বলে বেশ কিছুদিন ধরে লক্ষ্য করা যাচ্ছে। এধরনের অননুমোদিত যোগাযোগ সরকারী কর্মচারী আচরণ বিধি-১৯৭৯ এর ৩১ ধারার সম্পূর্ণ পরিপন্থী।

অতএব, সরকারী কর্মচারী হিসাবে ভবিষ্যতে এ ধরনের অননুমোদিত যোগাযোগ হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হল। অননুমোদিত যোগাযোগের মাধ্যমে কেহ ভবিষ্যতে উক্তরূপ কোন প্রস্তাব সংগ্রহ করিলে অত্র বিভাগ হতে ঐসব সেমিনার/ওয়ার্কশপ/কনফারেন্স ইত্যাদিতে যোগদানের জন্য অনুমতি দেওয়া হবে না।

১২.৪.২০০০
(মো: করিম গাজী)
সিনিয়র সহকারী সচিব।

বিতরণ:

১। জনাব ........................................................ উইং,বিবিএস ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ফিন্যান্স, এ্যাডমিনিষ্ট্রেশন এন্ড এমআইএস
(বিনিক শাখা)
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭

নং-বিবিএস/এমআইএস(বিনিক)/৪আর-১(১১৩)/০৫-৬৫০ তারিখ ঃ- ২১/০৬/২০০৫ ইং

## সংশোধনী অফিস আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্ব খাতের প্রাক্তন পরিসংখ্যান তদন্তকারী বর্তমানে জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী পরিচালক পদে কর্মরত জনাব মোঃ তফাজ্জল হোসেন এর ৩য় শ্রেণীর পদের চাকুরীর জটিলতা নিরসনকল্পে গত ০১/০২/৭৯ ইং তারিখের নং-এমটিডিপি/প্রশা/৯২/৭৮-০২৩ সংখ্যক অফিস আদেশের ১১ নং ক্রমিক মোতাবেক কেপিভিও পদে পদোন্নতির ভিত্তিতে নিয়োগ আদেশ; গত ২৬/১২/৮০ইং তারিখের নং-এমটিডিপি/প্রশা/৬৩/৮০-১২৮৯ সংখ্যক অফিস আদেশ মোতাবেক সিনিয়র ভেরিফাই অপারেটর (এসভিও) পদে পদোন্নতির আদেশ; এবং গত ৩১/৫/৮৩ইং তারিখের নং-বিবিএস/কো-অর্ড/৮৩/১২/৩৩৩২ সংখ্যক অফিস আদেশের ১ নং ক্রমিক মোতাবেক (সংশোধিত আদেশ নং-বাপব্যু/সিডিপি/প্রশা/৮৩-৮৫/৭৭৪, তারিখ ২৩/৭/৮৫ইং) পরিসংখ্যান তদন্তকারী পদে নিয়োগ আদেশ নিম্নোক্তভাবে সংশোধন করা হইল ঃ

(১) গত ০১/০২/৭৯ইং তারিখের বর্ণিত অফিস আদেশ মোতাবেক জনাব মোঃ তফাজ্জল হোসেন এর রাজস্ব খাতের জুনিয়র অপারেটর পদ হইতে এমটিডিপি প্রকল্পের কেপিভিও পদে পদোন্নতির আদেশ এবং ২৬/১২/৮০ইং তারিখের বর্ণিত অফিস আদেশ মোতাবেক একই প্রকল্পের সিনিয়র ভেরিফাই অপারেটর পদে পদোন্নতির আদেশদ্বয় এতদ্বারা বাতিল করতঃ তাহাকে রাজস্ব খাতের পূর্বপদ/স্বপদে অর্থাৎ জুনিয়র অপারেটর পদে ০১/০২/৭৯ইং পূর্বাহ্ন হইতে ফেরত আনা হইল এবং তাহার গত ০১/০২/৭৯ইং হইতে ৩১/০৫/৮৩ইং পর্যন্ত উন্নয়ন প্রকল্পে কর্মকালীন সময় প্রেষণে স্ব-বেতনে নিয়োজিত ছিলেন বলিয়া গন্য হইবে। উন্নয়ন প্রকল্পের উচ্চ পদে চাকুরীজনিত কারনে তাহার অতিরিক্ত আহরিত অর্থ আদায়/সমন্বয়যোগ্য হইবে ;

(২) গত ২৩/০৭/৮৫ইং তারিখের সংশোধিত অফিস-আদেশ অনুযায়ী জনাব মোঃ তফাজ্জল হোসেন এর এমটিডিপি প্রকল্পের সিনিয়র ভেরিফাই অপারেটর পদ হইতে ০১/০৬/৮৩ইং তারিখে রাজস্ব খাতের পরিসংখ্যান তদন্তকারী পদে নিয়োগের স্থলে ইহা একই তারিখে (০১/০৬/৮৩ইং) রাজস্ব খাতের জুনিয়র অপারেটর পদ হইতে রাজস্ব খাতের পরিসংখ্যান তদন্তকারী পদে নিয়মিত নিয়োগ বলিয়া গন্য হইবে ;

(৩) চাকুরীতে যোগদানের তারিখ ১৬/০৫/১৯৭০ইং হইতে তাহার চাকুরী নিয়মিত বলিয়া গন্য হইবে এবং চাকুরীর ধারাবাহিকতা বজায় থাকিবে ; এবং

(৪) তিনি প্রচলিত বিধি-বিধান অনুযায়ী বেতন-ভাতা ও অন্যান্য সকল আর্থিক সুবিধাদি প্রাপ্য হইবেন।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা ভুতাপেক্ষ তারিখ হইতে কার্যকর হইবে।

(এ. কে. এম মুসা)
মহাপরিচালক

বিতরণ ঃ-
১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
২। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, আইআরডি, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৩। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৪। সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৫। যুগ্ম পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
৬। আহরন ও ব্যয়ন কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সংস্থাপন শাখা

নং-১-৪৭/৮৮-মপবি(সংস্থা)/৩৪৪

তারিখ : ০৯ আষাঢ় ১৪১০ / ২৩ জুন ২০০৩

# পরিপত্র

বিষয় : সরকারি/স্বায়ত্বশাসিত দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের ৯ টা থেকে ৯.৪০মিঃ পর্যন্ত অফিস কক্ষে অবস্থানের আবশ্যকতা প্রসঙ্গে।

পরিলক্ষিত হচ্ছে যে, অফিসে আগমনকালে পথিমধ্যে দাপ্তরিক/ব্যক্তিগত বিভিন্ন কাজের অজুহাত দেখিয়ে (যেমন-সেমিনার, ওয়ার্কশপ, সিম্পোজিয়ামে অংশগ্রহণ, অতিথি বক্তা হিসেবে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে গমন, ব্যাংক, হাসপাতাল কিংবা সন্তানের বিদ্যালয়ে গমন ইত্যাদি) কতিপয় কর্মকর্তা/কর্মচারী ঠিক সময়ে অফিসে উপস্থিত হন না। ফলশ্রুতিতে উপরোক্ত কর্মকর্তা/কর্মচারীগণের সঙ্গে জনসাধারণ ও অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সংযোগ স্থাপন (access) দুঃসাধ্য বা অসম্ভব হয়ে পড়ে। এতে সাধারণ নাগরিকগণ যেমন ক্ষতিগ্রস্ত হন, তেমনি সরকারের কাজের গতিও শ্লথ হয়। সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়।

২। উপর্যুক্ত প্রেক্ষাপটে সরকারি দপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে এ মর্মে অনুশাসন প্রদান করা যাচ্ছে যে, তাঁরা সকাল ৯:০০ থেকে ৯:৪০ মিনিট সময় পর্যন্ত আবশ্যকীয়ভাবে নিজ অফিস কক্ষে অবস্থান করবেন। অফিসে আগমনকালে পথিমধ্যে কোন কাজে সম্পৃক্ত হবেন না। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নকালে লক্ষ্য রাখতে হবে যেন তাঁদের সকাল ৯.০০ টা থেকে ৯ টা ৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান ব্যাহত না হয়।

৩। মূলতঃ অফিস সময়ে অফিস কক্ষে/দপ্তরে অবস্থানপূর্বক দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে উক্ত বাধ্যবাধকতা প্রযোজ্য হবে। নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীগণ উক্ত বাধ্যবাধকতার আওতা বহির্ভূত থাকবেন :

(ক) শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কোন প্রশাসনিক দায়িত্বে নিয়োজিত নন এমন শিক্ষক/অনুষদ সদস্যবৃন্দ;

(খ) হাসপাতাল, জেলখানা, সংবাদ বা নিরাপত্তা সম্পৃক্ত প্রতিষ্ঠান ইত্যাদির নিয়মিত রোস্টার ডিউটিতে কর্তব্যরত চিকিৎসক, সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারীবৃন্দ;

(গ) রাস্তায় বা বহিরাঙ্গণে নিয়মিতভাবে কর্মরত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং অন্যান্য সংস্থার সমরূপ কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

৪। এ ছাড়াও ভিভিআইপি/ভিআইপিদের প্রটোকল প্রদান, আকস্মিকভাবে সংঘটিত কোন বড় রকমের দুর্ঘটনা মোকাবেলা, উন্নয়ন সহযোগী/কুটনৈতিক মিশনের সঙ্গে অনুষ্ঠিত অতি গুরুত্বপূর্ণ সভায় যোগদান এবং অনুমোদিত ভ্রমণ সূচির মাধ্যমে সফরে গমনের ক্ষেত্রে উপর্যুক্ত বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না।

অপর পাতায় দ্রষ্টব্য

৫। সরকার আশা করে যে, সেবাগ্রহণকারী নাগরিকদের সুবিধা এবং সরকারি কর্মকাণ্ডের গতিশীলতা ও সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে রাজধানী শহর থেকে শুরু করে প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত কর্মরত সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ জনস্বার্থে সকাল ৯.০০ টায় সরাসরি অফিসে আসবেন এবং আবশ্যকীয়ভাবে ৯ টা ৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান করবেন।

৬। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

( ড. সা'দত হুসাইন )
মন্ত্রিপরিষদ সচিব

নং-১-৪৭/৮৮-মপবি(সংস্থা)/৩৪৪

তারিখ : ০৯ আষাঢ় ১৪১০ / ২৩ জুন ২০০৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

২। সচিব, ............................................................ (সকল মন্ত্রণালয়/বিভাগ)।

৩। উপাচার্য.................................................... বিশ্ববিদ্যালয়।

৪। চেয়ারম্যান/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক........................................ সংস্থা।

৫। বিভাগীয় কমিশনার, ...................................... (সকল)।

৬। জেলা প্রশাসক, ........................................ (সকল)।

৭। অধ্যক্ষ ............................................................. কলেজ।

৮। উপজেলা নির্বাহী অফিসার ................................................।

৯। মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা।

২৩/০৬/০৩ ইং

( এ কে এম আবদুল আউয়াল মজুমদার )
উপসচিব (প্রশাসন)
ফোন : ৭১৬৮৩৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
মহাপরিচালকের কার্যালয়
পরিসংখ্যান ভবন
আগারগাঁও, ঢাকা।

নং-বাপব্যু/ডিজি/প্রশা/১৩৬ (অঃ উঃ) /২০০৪-১৯৬০ তারিখঃ ০৫.১২.২০০৫

## অফিস আদেশ

যে কোন অফিসেই নিরাপত্তা বিষয়টি অতীব জরুরী। সাম্প্রতিক সময়ে সারা দেশে কিছু অনাকাঙ্খিত ঘটনা ঘটে যাবার প্রেক্ষিতে দেশের সর্বত্রই অফিস ও ব্যক্তিগত নিরাপত্তা ও সচেতনতার গুরুত্ব আরও অনেক বেড়ে গেছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোও এর ব্যতিক্রম নয়।

দেশের সার্বিক অবস্থা বিবেচনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতেও নিরাপত্তা ও সচেতনতা সম্পর্কিত কিছু ব্যবস্থা গ্রহণ অপরিহার্য হয়ে উঠেছে। পরিসংখ্যান ভবনে অবস্থিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরে প্রায় ১৬০০ (এক হাজার ছয়শত) কর্মকর্তা/কর্মচারী প্রত্যহ তাঁদের দাপ্তরিক কাজ সমাধা করেন। পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীগণ যেন অফিস শৃঙ্খলা এবং ভবনের নিরাপত্তা বাজায় রেখে নির্বিঘ্নে তাঁদের দাপ্তরিক কাজকর্ম সমাধা করতে পারেন সে জন্য কিছু করণীয় দিক নির্দেশনা প্রদান করা হলো। এগুলো অবশ্যই প্রতিপাল্য। এ প্রেক্ষিতে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

(১) পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীগণ অবশ্যই সরকারী অফিস সময় (সকাল ৯টা - বিকাল ৫টা) মেনে চলবেন।

(২) অফিস সময় আরম্ভের (সকাল ৯টা) পর অফিসে আসা এবং অফিস সময় শেষ হওয়ার (বিকাল ৫টা) আগেই অফিস ত্যাগ করা চাকুরী বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এ ধরণের আচরণের জন্য যথাযথ আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

(৩) পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীগণকে অফিস চলাকালীন সময়ে (৯টা-৫টা) Identity Card (পরিচয়পত্র) বাধ্যতামূলক গলায় ঝুলিয়ে রাখতে হবে। Identity Card গলায় না ঝুলানো অসদাচারণের সামিল বলে গণ্য হবে।

(৪) অফিসে আসার সময় ব্যাগ/শরীর/গাড়ী ইত্যাদি চেক করার প্রয়োজন দেখা দিতে পারে। চেকিং এর সময় সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

(৫) অফিসে যথাসম্ভব দর্শনার্থী আগমন নিরুৎসাহিত করতে হবে। দর্শনার্থী/বহিরাগতদের নাম/পরিচিতি গেটে রক্ষিত রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। তাঁদেরকে দর্শনার্থীর পাশ সংগ্রহ করে অফিসে ঢুকতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৫.১২.২০০৫
(এ. কে. এম মুসা)
মহাপরিচালক

বিতরণঃ
১। উপ-মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
২। পরিচালক/ যুগ্ম-পরিচালক, ---------------------- (সকল কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করার জন্য)
৩। প্রকল্প পরিচালক, -- ---------------------------------------------(সকল কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করার জন্য )
৪। উপ পরিচালক, মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৬। নোটিশ বোর্ড।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-বিবিএস/এমআইএস/৭ বিবিধ-৩৫/২০০৬- ২৮০৮ তারিখঃ ২৪/০৭/২০০৬ ইং

## অফিস আদেশ

লক্ষ্য করা যাচ্ছে সরকারী কাজে বিশেষ করে বিভিন্ন জরিপ ও পরিসংখ্যান কার্যক্রমে মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজে ভ্রমণের সময় কর্মকর্তা/কর্মচারীদের অনেকেই ভ্রমণসূচী অনুযায়ী ভ্রমন কার্য সম্পন্ন করেন না। দেখা যায় যে অনুমোদিত ভ্রমণসূচী অনুযায়ী ভ্রমন না করে নির্দেশিত সময়ের পরে ভ্রমন শুরু ও ভ্রমন শেষের নির্দেশিত তারিখের পূর্বেই ভ্রমন শেষ করে সদর দপ্তরে ফিরে আসেন। কর্মকর্তাদের এমন আচরন অনাকাংখিত এবং আচরন বিধিমালার পরিপন্থি। এ অবস্থা কাম্য হতে পারে না এবং চলতে দেয়া যায় না।

০২। উপরোল্লিখিত অবস্থার উত্তরনের লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো ঃ

(ক) কোন কর্মকর্তা/কর্মচারীকে ভ্রমণ কাজে নিয়োজিত করার পূর্বে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ভ্রমণ দিবস সংখ্যার যৌক্তিকতা নিশ্চিত করে ভ্রমণসূচী অনুমোদন করতে হবে।

(খ) কোন কর্মকর্তা/কর্মচারী কোনক্রমেই নির্ধারিত ভ্রমনসুচী অমান্য করতে পারবেন না।

(গ) নির্ধারিত সময়ে ভ্রমন কাজ সম্পন্ন করতে হবে।

(ঘ) যদি কোন কারনে নির্ধারিত সময়ের চেয়ে বেশী সময় ভ্রমনের প্রয়োজন হয় সেক্ষেত্রে ভ্রমন শেষে ০৭(সাত) দিনের মধ্যে ভ্রমনবৃত্তান্ত অনুমোদন করে নিতে হবে।

(ঙ) ভ্রমন শেষে ভ্রমন প্রতিবেদনসহ ১৫(পনের) দিনের মধ্যে ভ্রমনবিল সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাখিল করতে হবে।

(চ) এখন থেকে যে কোন কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ/সফরের এক সপ্তাহের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক ভ্রমণ/সফর বৃত্তান্ত অনুমোদন করে নিতে হবে।

(এ ওয়াই এম একরামুল হক)
মহাপরিচালক

বিতরণঃ
(১) পরিচালক/যুগ্ম-পরিচালক, ..............................................
(২) প্রকল্প পরিচালক, ..............................................
(৩) অফিস কপি।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে।
সচিব,
পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
পরিসংখ্যান অনুবিভাগ
শেরে বাংলানগর, ঢাকা।

নং-বিবিএস/এমআইএস(বিনিক)/৪এম-১৯(১১১)/০৫- 6228

তারিখঃ ২৬/১১/০৬ইং

## অফিস আদেশ

পরিকল্পনা বিভাগের ১৭ অক্টোবর, ২০০৬ খ্রিঃ তারিখের পবি-৩/সা/২-৬(৭৬)/৯৭-১৭৯ সংখ্যক অফিস-আদেশ মোতাবেক সাবেক পরিসংখ্যান বিভাগের ৪ঠা ডিসেম্বর, ১৯৮০ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং-পিবি/পিএম/৪২৩/৭৭-৯০৪৪ আংশিক সংশোধনক্রমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার ইনভেষ্টিগেটর (Computer Investigator) পদে কর্মরত স্নাতক ডিগ্রীধারী কর্মচারীগণকে ৪ঠা ডিসেম্বার, ১৯৮০ইং সাল থেকে ভূতাপেক্ষভাবে নতুন জাতীয় বেতন স্কেল, ১৯৭৭ এর ৩৭০-৭৪৫/- টাকা স্কেল হতে ৪২৫-১০৩৫/- স্কেলভুক্ত পরিসংখ্যান তদন্তকারী (Statistical Investigator) পদ হিসেবে গণ্য করা হয়।

০২। উক্ত অফিস-আদেশের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার ইনভেষ্টিগেটর (Computer Investigator) পদে কর্মরত স্নাতক ডিগ্রীধারী নিম্নোক্ত ৩ জন কর্মচারীকে ৪ঠা ডিসেম্বর, ১৯৮০ খ্রিঃ সাল থেকে পরিসংখ্যান তদন্তকারী পদের বর্ণিত বেতন ভাতাদি ও সমপর্যায়সহ ভূতাপেক্ষভাবে পরিসংখ্যান তদন্তকারী (Statistical Investigator) পদ হিসেবে গণ্য করা হলো ঃ

| ক্রমিক নং | নাম | বর্তমান পদবী | কর্মস্হল |
|---|---|---|---|
| (১) | জনাব শেখ হাবীবুর রহমান<br>প্রাক্তন কম্পিউটার ইনভেষ্টিগেটর | উপজেলা পরিসংখ্যান অফিসার (অবঃ) | সদর উপজেলা পরিসংখ্যান অফিস, মাগুড়া |
| (২) | জনাব এ.বি.এম মোস্তাফিজুর রহমান<br>প্রাক্তন কম্পিউটার ইনভেষ্টিগেটর | পরিসংখ্যান তদন্তকারী | ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং |
| (৩) | জনাব আব্দুল হাফিজ<br>প্রাক্তন কম্পিউটার ইনভেষ্টিগেটর | পরিসংখ্যান তদন্তকারী (অবঃ) | ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং |

০৩। এ আদেশ ভূতাপেক্ষ তারিখ হতে কার্যকর হবে।

(এ ওয়াই এম একরামুল হক)
মহাপরিচালক

বিতরণ ঃ

০১) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০২) যুগ্ম-সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩) পরিচালক, ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং, বিবিএস, ঢাকা।
০৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
০৫) যুগ্ম-পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
০৬) আঞ্চলিক পরিংখ্যান কর্মকর্তা, যশোর ।
০৭) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মাগুড়া।
০৮) উপজেলা পরিসংখ্যান অফিসার , মাগুড়া সদর, মাগুড়া।
০৯) উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মাগুড়া সদর, মাগুড়া।
১০) ডিডিও, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১১) জনাব.............................................................
১২) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭

নং-বিবিএস/এমআইএস/১ প্রশা-২০৭(অংশ-৩)/২০০৭- ১৪৭৭ তারিখ ঃ ১২/১১/০৮ ইং

বিষয় ঃ গাড়ীচালক ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণ কর্তৃক অফিস চলাকালীন সময়ে সাজ-পোষাক পরিধান প্রসঙ্গে

এফএ এন্ড এমআইএস এর ২১/৭/২০০৮ তারিখের নং-বিবিএস/এমআইএস/১প্রশা-২০৭(অংশ-৩)/২০০৭-১৬০৭ মোতাবেক অফিস চলাকালীন সময়ে গাড়ীচালক ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের সাজ-পোষাক পরিধান করে দাপ্তরিক দায়িত্ব পালন করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছিল। কিন্তু উক্ত নির্দেশ প্রদান সত্বেও গাড়ীচালক ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণ দাপ্তরিক দায়িত্ব পালনকালে সাজ-পোষাক পরিধান করছেন না বলে প্রতীয়মান হচ্ছে। সাজ-পোষাক প্রাপ্ত কর্মচারীগণ অফিস সময়ে সাজ-পোষাক পরিধান না করা অফিস শৃঙ্খলার পরিপন্থী।

০২। এ পরিপ্রেক্ষিতে সাজ-পোষাক প্রাপ্ত কর্মচারীগণ কর্তৃক দাপ্তরিক দায়িত্ব পালনকালে নিয়মিতভাবে সাজ-পোষাক পরিধান নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। যে সকল কর্মচারী সাজ-পোষাক পরিধান করতে অনীহা প্রকাশ করছেন তাদের একটি তালিকা প্রস্তুত করে আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এফএ এন্ড এমআইএস-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, উক্ত খেলাপী কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণসহ ভবিষ্যতে সাজ-পোষাক প্রদান বন্ধ রাখা হবে।

১২/১১/০৮
(মোঃ আবুল কালাম আযাদ)
পরিচালক (অতিঃ দায়িত্ব)

প্রাপক ঃ

(১) পরিচালক, এফ.এ এন্ড এম.আই.এস. উইং(সকল)/এসএসটিআই,বিবিএস, ঢাকা।
(২) প্রকল্প পরিচালক, .................................................. প্রকল্প (সকল), বিবিএস, ঢাকা।
(৩) শাখার দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।

অনুলিপি ঃ

(১) মহাপরিচালক মহোদয়ের ষ্টাফ অফিসার, বিবিএস, ঢাকা।
(২) উপ-মহাপরিচালক মহোদয়ের ষ্টাফ অফিসার, বিবিএস, ঢাকা।
(৩) অফিস কপি।

২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

# জাতীয় বেতনস্কেল, ২০০৯

(সরকারী- বেসামরিক)

(শুধু সরকারী কাজে ব্যবহারের জন্য)

০২ডিসেম্বর, ২০০৯

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা
২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

**আদেশ**

ঢাকা, ১৮ অগ্রহায়ণ ১৪১৬ বঙ্গাব্দ/ ০২ ডিসেম্বর, ২০০৯ খ্রিস্টাব্দ ।

নং এস, আর, ও ২৫৫ আইন/২০০৯/অম/অবি(বাস্তঃ-১)/জাঃ বেঃ স্কেল-১/২০০৯/২৩২ -Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারী করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ**।- **(১)** এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লেখিত জাতীয় বেতনস্কেল ১ জুলাই, ২০০৯ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হইবে, যথা ঃ-

(ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ হইবে এবং এই নির্ধারিত বেতন ১ জুলাই, ২০০৯ হইতে প্রদান করা হইবে। তবে, অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্য অংকে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রদান করা হইবে;

(খ) জাতীয় বেতনস্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ অর্থাৎ ১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জুলাই, ২০০৯ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

(গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে যে সকল কর্মকর্তা/ কর্মচারী অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তাহারা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকার সময় ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত মহার্ঘভাতা পাইতে থাকিবেন।

ব্যাখ্যাঃ কোন কর্মকর্তা/কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন। দফা (গ) এর বর্ণনা মোতাবেক তিনি ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে মহার্ঘভাতা পাইতেন; সেই হারে উক্ত মহার্ঘভাতা অবসরপ্রস্তুতিমূলক ছুটি (এল পি আর) শেষ না হওয়া পর্যন্ত প্রাপ্য হইবেন।

(৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির (কর্মকর্তা/ কর্মচারী) ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা ঃ-

(ক) বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিসে নিয়োজিত জুডিশিয়াল কর্মকর্তাগণ;
(খ) যে সকল বেসামরিক কর্মকর্তা/কর্মচারীকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;
(গ) পুলিশ বাহিনী ও বাংলাদেশ রাইফেলস্ এ নিয়োজিত ব্যক্তিগণ ;

(ঘ) State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Services) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত "Worker";

(ঙ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

(চ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ ।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

(ক) 'বর্তমান বেতনস্কেল' অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অধীন জাতীয় বেতন স্কেল;

(খ) 'জাতীয় বেতনস্কেল, ২০০৯' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লেখিত জাতীয় বেতন স্কেল;

(গ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল', 'সিনিয়র স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম স্কেল)।

৩। **জাতীয় বেতনস্কেল, ২০০৯** ।- (১) ১ জুলাই, ২০০৯ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতনস্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতনস্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding Scale) কার্যকর হইবে, যথা ঃ-

| গ্রেড | বর্তমান বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৫) | জাতীয় বেতনস্কেল, ২০০৯ (১ জুলাই, ২০০৯ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ২৩০০০ (নির্ধারিত) | টাকা ৪০০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ১৯৩০০-৭০০× ৪-২২১০০ | টাকা ৩৩৫০০-১২০০× ৫- ৩৯ ৫০০ |
| ৩। | টাকা ১৬৮০০-৬৫০× ৬-২০৭০০ | টাকা ২৯০০০- ১১০০× ৬-৩৫৬০০ |
| ৪। | টাকা ১৫০০০-৬০০× ৮-১৯৮০০ | টাকা ২৫৭৫০-১০০০× ৮-৩৩৭৫০ |
| ৫। | টাকা ১৩৭৫০-৫৫০× ১০-১৯২৫০ | টাকা ২২২৫০- ৯০০× ১০-৩১২৫০ |
| ৬। | টাকা ১১০০০-৪৭৫× ১৪-১৭৬৫০ | টাকা ১৮৫০০- ৮০০× ১৪-২৯৭০০ |
| ৭। | টাকা ৯০০০-৪০৫× ১৬-১৫৪৮০ | টাকা ১৫০০০-৭০০× ১৬- ২৬২০০ |
| ৮। | টাকা ৭৪০০-৩৬৫ × ১৬-১৩২৪০ | টাকা ১২০০০- ৬০০ × ১৬-২১৬০০ |
| ৯। | টাকা ৬৮০০-৩২৫× ৭-৯০৭৫-ইবি-৩৬৫ × ১১-১৩০৯০ | টাকা ১১০০০- ৪৯০× ৭- ১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ |
| ১০। | টাকা ৫১০০-২৮০× ৭-৭০৬০-ইবি-৩০০ × ১১-১০৩৬০ | টাকা ৮০০০- ৪৫০× ৭-১১১৫০-ইবি-৪৯০× ১১-১৬ ৫৪০ |
| ১১। | টাকা ৪১০০-২৫০× ৭-৫৮৫০-ইবি-২৭০ × ১১-৮৮২০ | টাকা ৬৪০০- ৪১৫× ৭-৯৩০৫-ইবি-৪৫০× ১১- ১৪২৫৫ |
| ১২। | টাকা ৩৭০০-২৩০× ৭-৫৩১০-ইবি-২৫০ × ১১-৮০৬০ | টাকা ৫৯০০- ৩৮০× ৭-৮৫৬০-ইবি-৪১৫× ১১- ১৩১২৫ |
| ১৩। | টাকা ৩৫০০-২১০× ৭-৪৯৭০-ইবি-২৩০ × ১১-৭৫০০ | টাকা ৫৫০০- ৩৪৫× ৭-৭৯১৫-ইবি-৩৮০× ১১-১২০৯৫ |
| ১৪। | টাকা ৩৩০০-১৯০× ৭-৪৬৩০-ইবি-২১০ × ১১-৬৯৪০ | টাকা ৫২০০- ৩২০× ৭-৭৪৪০-ইবি-৩৪৫× ১১-১১২৩৫ |
| ১৫। | টাকা ৩১০০-১৭০× ৭-৪২৯০-ইবি-১৯০ × ১১-৬৩৮০ | টাকা ৪৯০০- ২৯০× ৭-৬৯৩০-ইবি-৩২০× ১১-১০৪৫০ |
| ১৬। | টাকা ৩০০০-১৫০× ৭-৪০৫০-ইবি-১৭০ × ১১-৫৯২০ | টাকা ৪৭০০- ২৬৫× ৭-৬৫৫৫-ইবি-২৯০× ১১-৯৭৪৫ |
| ১৭। | টাকা ২৮৫০-১৩০× ৭-৩৭৬০-ইবি-১৫০ × ১১-৫৪১০ | টাকা ৪৫০০- ২৪০× ৭-৬১৮০-ইবি-২৬৫× ১১-৯০৯৫ |
| ১৮। | টাকা ২৬০০-১২০× ৭-৩৪৪০-ইবি-১৩০ × ১১-৪৮৭০ | টাকা ৪৪০০- ২২০× ৭-৫৯৪০-ইবি-২৪০× ১১-৮৫৮০ |
| ১৯। | টাকা ২৫০০-১১০× ৭-৩২৭০-ইবি-১২০ × ১১-৪৫৯০ | টাকা ৪২৫০- ২১০× ৭-৫৭২০-ইবি-২২০× ১১-৮১৪০ |
| ২০। | টাকা ২৪০০-১০০× ৭-৩১০০-ইবি-১১০ × ১১-৪৩১০ | টাকা ৪১০০- ১৯০× ৭-৫৪৩০-ইবি-২১০× ১১-৭৭৪০ |

(২) বর্তমানে যে সকল পদের বেতন টাকা ২৪,৫০০/- (নির্ধারিত), সে সকল পদের বেতন ১ জুলাই, ২০০৯ তারিখে নিম্নরূপভাবে নির্ধারিত হইবে । অর্থাৎ মন্ত্রিপরিষদ সচিব, মূখ্য সচিব ও সমতুল্য পদ/পদসমূহে ১ম গ্রেডের নির্ধারিত মূল বেতনের (৪০,০০০/-) সহিত অতিরিক্ত ৫,০০০/-টাকা যোগ করিয়া ৪৫,০০০/- টাকা (নির্ধারিত )হইবে।

৪। **জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর প্রাপ্যতা**।- ৩০ জুন, ২০০৯ তারিখে কোন কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে অনুচ্ছেদ ৩(১) এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রাপ্য হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক, সময় সময়, জারিকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।**- এই আদেশে 'বর্তমান বেতন' বলিতে -

(ক) ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

(খ) সরকার কর্তৃক, সময় সময়, জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

**৬। জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণ।**- (১) যে কর্মকর্তা/কর্মচারী বর্তমান বেতনস্কেল পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতনস্কেলের অনুরূপ (Corresponding Scale) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা ঃ-

(ক) বর্তমান বেতনস্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন ব্যক্তির বেতন জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

(খ) যদি কোন কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন, বর্তমান বেতনস্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমতঃ উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতনস্কেল, ২০০৯) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে।

**উদাহরণ ১ ঃ**

৩০-০৬-২০০৯ তারিখে একজন কর্মচারী ৩০০০-১৫০×৭-৪০৫০-ইবি-১৭০ × ১১-৫৯২০ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৩০০০ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৭০০-২৬৫× ৭-৬৫৫৫-ইবি-২৯০ × ১১-৯৭৪৫ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৪৭০০/- টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

**উদাহরণ ২ ঃ**

৩০/০৬/২০০৯ তারিখে একজন কর্মচারীর মূল বেতন বর্তমান ৩১০০-১৭০×৭-৪২৯০-ইবি-১৯০× ১১-৬৩৮০ টাকার স্কেলে ৪১২০/- টাকা। এই ক্ষেত্রে ১-৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০× ১১-১০৪৫০/- টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৬০৬০/- টাকা।

**ব্যাখ্যা** ঃ বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ৪১২০-৩১০০=১০২০ টাকা। অতএব, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ১০২০ টাকা অর্থাৎ (৪৯০০+১০২০)= ৫৯২০ টাকায় বেতন নির্ধারিত হইবে। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে অর্থাৎ ৬০৬০/- টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে।

(গ) যে সকল কর্মকর্তার বেতন জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী টাকা **৪০,০০০/-** এবং **৪৫,০০০/-** নির্ধারিত তাঁহাদের ক্ষেত্রে দফা (ক) ও (খ) প্রযোজ্য হইবে না।

(ঘ) যদি কোন ব্যক্তির বর্তমান বেতন, জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর প্রারম্ভ তারিখে **সর্বোচ্চ সীমার উর্ধ্বে** হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর সর্বোচ্চসীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

(ঙ) ১ জুলাই, ২০০৯ তারিখে যাঁহারা **উচ্চতর বেতনস্কেলের পদে পদোন্নতি** পাইবেন, তাঁহাদের বেতন প্রথমে নিম্নপদে নির্ধারণ করিয়া পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত বিধিবিধান অনুযায়ী নির্ধারণ করিতে হইবে;

(চ) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, **প্রেষণে কর্মরত** না থাকিলে তাঁহার মূল অফিসে অথবা সংগঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(ছ) যে ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখে **ছুটিতে ছিলেন,** জাতীয় বেতনস্কেলে সে ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না;

(জ) যে ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখে **সাময়িকভাবে বরখাস্ত** ছিলেন, সে ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং **বাস্তবে কাজে যোগদান না করিলে** তাঁহার বেতন জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০ জুন, ২০০৯ তারিখে প্রথমতঃ **বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে** এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে;

(ঝ) ১ জুলাই, ২০০৯ তারিখে যে ব্যক্তি **অবসর প্রস্তুতিমূলক ছুটিতে** ছিলেন, **শুধু পেনশন নির্ধারণের জন্য** তাঁহার বেতন, দফা (ঞ) এর বিধান সাপেক্ষে, জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসর প্রস্তুতিমূলক ছুটির সময় যদি তাঁহার বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে, তিনি অবসর প্রস্তুতিমূলক ছুটির সময় উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

(ঞ) ৩০ জুন, ২০০৯ তারিখে যে ব্যক্তির **অবসরপ্রস্তুতি ছুটি শেষ হইবে** এবং যিনি ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরে যাইবেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

(২) **জাতীয় বেতন স্কেল, ২০০৯ মোতাবেক সর্বনিম্ন বেতন বৃদ্ধি**।-(ক) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর আওতায় বর্ণিত পদ্ধতিতে বেতন নির্ধারণের ফলে কোন কর্মকর্তা/কর্মচারীর বেতন বৃদ্ধির পরিমাণ কোন অবস্থাতেই ২০০০/- টাকার নিম্নে হইবে না। এ ক্ষেত্রে বেতন নির্ধারণের পর কোন কর্মকর্তা/কর্মচারীর বেতনবৃদ্ধির পরিমাণ যদি ২০০০/- টাকার কম হয়, তবে, যে পরিমাণ অংক কম হইবে তাহা বার্ষিক বর্ধিত বেতনের হার অনুযায়ী সমন্বয় করিয়া (সমন্বয়ের প্রয়োজন না হইলে অবশিষ্টাংশ সরাসরি ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয়) যদি কোন অংক অবশিষ্ট থাকে তবে তাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে এবং উক্ত ব্যক্তিগত বেতন তাঁহার পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

**উদাহরণঃ** -

যদি দেখা যায় যে, ৪৫০০- ২৪০× ৭-৬১৮০-ইবি-২৬৫× ১১-৯০৯৫ টাকা বেতন স্কেলভুক্ত একজন কর্মচারীর বর্তমান পদ্ধতিতে বেতন নির্ধারণ করায় মোট বেতন বৃদ্ধি পায় ১৬৫০/- টাকা। সর্বনিম্ন ২০০০.০০ (দুই হাজার) টাকা বেতন বৃদ্ধির জন্য প্রথমে মূল বেতনের সহিত একটি বাৎসরিক বর্ধিত বেতন (ইনক্রিমেন্ট) যোগ করিয়া (১৬৫০+২৪০ = ১৮৯০) অবশিষ্ট (২০০০ - ১৮৯০) = ১১০/-টাকা ব্যক্তিগত বেতন (পিপি) হিসাবে প্রদান করিতে হইবে।

(খ) কোন কর্মকর্তা/কর্মচারীর ন্যূন্যতম ২০০০.০০ (দুই হাজার) টাকা বেতন বৃদ্ধির জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) এর সমপরিমাণ টাকার কম হইলে তাহা সংশ্লিষ্ট স্কেলে পিপি হিসাবে প্রাপ্য হইবে এবং এই পিপি পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

(৩) **সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ**।- নিম্নবর্ণিত পদ্ধতিতে সিলেকশন গ্রেডে বেতন নির্ধারিত হইবে, যথা ঃ-

(ক) জাতীয় বেতনস্কেল, ২০০৯ বাস্তবায়নের প্রারম্ভ তারিখে অর্থাৎ ০১-৭-২০০৯ তারিখে কোন কর্মকর্তা/কর্মচারী সিলেকশন গ্রেড ও টাইম স্কেল প্রাপ্ত হইলে ঐ তারিখে প্রথমে ৩০-৬-২০০৯ তারিখে প্রাপ্ত বেতনস্কেলের ভিত্তিতে জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করার পর নির্ধারিত বেতনের ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইম স্কেলে বেতন নির্ধারণ হইবে।

**উদাহরণঃ**

৩০-৬-২০০৯ তারিখে একজন কর্মকর্তা/কর্মচারীর বেতনস্কেল ৬৮০০-৩২৫×৭-৯০৭৫-ইবি-৩৬৫×১১-১৩০৯০ টাকার করসপন্ডিং স্কেল ১-৭-২০০৯ তারিখে ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/-টাকার স্কেলে বেতন নির্ধারিত হইবে। অতঃপর, নির্ধারিত বেতনের ভিত্তিতেই প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইমস্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে।

(খ) জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণকালে অর্থ বিভাগ হইতে ইতোপূর্বে জারীকৃত ২৬-১২- ১৯৮০ তারিখের MF(ID)-VI-(G)-26/80/1749, ৯-৭-২০০৮ তারিখের অম/অবি(বাস্ত-৪)/বিবিধ-১৬/০৭/১১৩, ১৪-৯-২০০৮ তারিখের অম/অবি (বাস্ত-৪)/বিবিধ-১৬/০৭/১৫১ এবং ১৫-৯-২০০৮ তারিখের অম/অবি(বাস্ত-৪)/ বিবিধ-২৩(সমতা)/০৮/১৫২ সংখ্যক স্মারকসমূহের কার্যকারিতা ১-৭-২০০৯ তারিখ হইতে রহিত হইয়াছে বলিয়া গণ্য হইবে। তবে শর্ত থাকে যে, এই সকল স্মারকমূলে ইতোপূর্বে যাহারা যে আর্থিক সুবিধা গ্রহণ করিয়াছেন তাহা ০১-১২-২০০৯ তারিখ হইতে আর প্রাপ্য হইবেন না।

(গ) ৩১-১২-২০০৪ তারিখে আহরিত বেতনের করেসপন্ডিং স্কেলের পরিবর্তে সরাসরি সিলেকশন গ্রেডে নির্ধারিত বেতনধারী কর্মকর্তাদের ক্ষেত্রে ৩১/১২/২০০৪ তারিখে প্রাপ্ত বেতনের ভিত্তিতে প্রথমে ০১/০১/২০০৫ তারিখে করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে। তৎপরে নির্ধারিত বেতনের উপর সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ করা হইলে তাঁহারা যেইরূপ সুবিধা প্রাপ্ত হইতেন, তাহার ভিত্তিতে ধারাবাহিকভাবে ৩০-৬-২০০৯ তারিখ পর্যন্ত প্রাপ্ত বেতন বিবেচনা করতঃ ১ জুলাই, ২০০৯ তারিখে তাহাদের বেতন নির্ধারণ করিতে হইবে; যেমন-

(১) ৩১/১২/২০০৪ তারিখে বিসিএস ৬ষ্ঠ গ্রেডভূক্ত ৭২০০-১০৮৪০ টাকা স্কেলে একজন কর্মকর্তার মূলবেতন ছিল ১০০৬০ টাকা। ঐ কর্মকর্তার ৩১/১২/২০০৪ তারিখে বেতনস্কেল ও মূলবেতনের পার্থক্য ছিল ১০০৬০-৭২০০=২৮৬০ টাকা। অর্থ বিভাগের অম/অবি (বাস্ত-৪)/বিবিধ-১৬/০৭/১৫১ তারিখ- ১৪-৯-২০০৮ এবং অম/অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১১৩ তারিখ- ৯-৭-২০০৮ স্মারক মূলে জাতীয় বেতনস্কেল ২০০৫ অনুযায়ী ৩১/১২/২০০৪ তারিখে প্রাপ্য বেতনস্কেলের করেসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ না করিয়া ০১/০১/২০০৫ তারিখে প্রাপ্ত সিলেকশন গ্রেডে সরাসরি বেতন নির্ধারণ করিবার ফলে তাহার বেতন নির্ধারিত হয় ১৩৭৫০+২৮৬০=১৬৬১০ টাকা । কিন্তু উক্ত স্তরে কোন ধাপ না থাকিবার কারণে পরবর্তী উচ্চতর ধাপে ১৭০৫০ টাকায় বেতন নির্ধারণ করা হয়।

(২) উল্লম্ব সাম্যতা ফিরাইয়া আনিবার লক্ষ্যে উপ দফা (১) এ বর্ণিত বেতন নির্ধারণ পদ্ধতি সংশোধনক্রমে সর্বপ্রথম ঐ কর্মকর্তার বেতন তাহার ৩১/১২/২০০৪ তারিখে আহরিত মূলবেতনের ভিত্তিতে করেসপন্ডিং জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী ০১/০১/২০০৫ তারিখে বেতন নির্ধারণ করিতে হইবে। এই ক্ষেত্রে তাহার মূলবেতন দাঁড়াইবে (১০০৬০-৭২০০)= ২৮৬০ +১১০০০= ১৩৮৬০ টাকা। উক্ত স্তরে ধাপ না থাকার কারণে পরবর্তী উচ্চতর ধাপে ১৪৩২৫ টাকায় বেতন নির্ধারিত হইবে। অতঃপর ০১/০১/২০০৫ তারিখে প্রাপ্য সিলেকশন গ্রেড (৫ম গ্রেড ১৩৭৫০-১৯২৫০) প্রদান করা হইলে তাহার বেতন দাড়াইবে ১৪৮৫০ টাকায়। এইভাবে ৩০/৬/২০০৯ তারিখ পর্যন্ত বেতন সংশোধন করিয়া নির্ধারিত বেতনের ভিত্তিতে জাতীয়

বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই,২০০৯ তারিখে বেতন নির্ধারণ করিতে হইবে। তবে সংশোধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ০১/১২/২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না।

(গ) ১৪-৯-২০০৮ তারিখের অম/অবি (বাস্ত-৪)/বিবিধ-১৬/০৭/১৫১নং আদেশের প্রেক্ষিতে ১৫-৯-২০০৮ তারিখের অম/অবি (বাস্ত-৪)/বিবিধ-২৩(সমতা)/০৮/১৫২ নং স্মারক দ্বারা যাহারা ইতোপূর্বে কনিষ্ঠ কর্মকর্তার সহিত বেতন সমতাকরণ করিয়াছেন, তাহারা বেতন সমতা না করিলে যেইরূপ সুবিধা প্রাপ্য হইতেন; তাহা বিবেচনা করতঃ উপানুচ্ছেদ (৩) (ক) অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে তাহাদের বেতন নির্ধারণ করিতে হইবে। তবে, বেতন সমতাকরণের ফলে তাঁহারা যে আর্থিক সুবিধা গ্রহণ করিয়াছেন তাহা ১-১২-২০০৯ তারিখ হইতে আর প্রাপ্য হইবেন না। তবে উপ-অনুচ্ছেদ (৩) (গ) (১) এর কারণে কোন কর্মকর্তা বেতন সমতাকরণ করিয়া থাকিলে উক্ত কর্মকর্তার ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (৩) (গ) (২) এর পদ্ধতি অনুসরণপূর্বক বেতন নির্ধারণ করিতে হইবে। তবে সংশোধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ০১/১২/২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না।

**(৪) অবসরভোগীদের পেনশন ও গ্র্যাচুইটি।-** অবসরভোগী কর্মকর্তা/কর্মচারীগণ নিম্নরূপে পেনশন ও গ্র্যাচুইটি প্রাপ্ত হইবেন, যথাঃ-

(ক) পেনশন সমর্পণ ও গ্র্যাচুইটির বিদ্যমান হার অপরিবর্তিত থাকিবে;

(খ) মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ৬৫ বছর উর্ধ্ব কর্মকর্তা/কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে। বেতনস্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘভাতা (নীট পেনশনের ২০%) বিলুপ্ত হইবে।

(গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী (স্বামী/স্ত্রী) মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, পেনশন,আনুতোষিক ও ভাতাদি প্রাপ্য হইবেন;

(ঘ) বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মকর্তা/কর্মচারী ছুটি পাওনা সাপেক্ষে ১২ মাস পূর্ণ গড় বেতনে অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগের সুবিধা এবং ছুটি পাওনা সাপেক্ষে ছুটি নগদায়নের বিদ্যমান সুবিধাও ভোগ করিবেন।

**৭। জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ উচ্চতর স্কেল (টাইম স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা।-** (১) জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর টাকা ৪১০০-৭৭৪০ (২০ নং গ্রেড) হইতে টাকা ৮০০০-১৬৫৪০/- (১০ নং গ্রেড) বেতনস্কেল বিশিষ্ট পদের আওতাভুক্ত **নন-গেজেটেড সরকারি কর্মচারীগণ** একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তি এবং চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতনস্কেলে, উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, একই কর্মচারী পদোন্নতি ব্যতীত সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক টাইমস্কেল প্রাপ্য হইবেন না। আরও শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইমস্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/অবি (বাস্ত-৩)/ টাইমস্কেল-৩/৯৬ (অংশ)/৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।

(২) দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণ তাঁহাদের একই অথবা সমপর্যায়ের সমস্কেলে পরস্পর বদলীযোগ্য পদে ৮ ও ১২ বৎসর চাকরি পূর্তির পর এবং তাহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পুরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতনস্কেল, উচ্চতর স্কেলে (টাইমস্কেল) হিসাবে প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে প্রদেয় হইবে;

**তবে, ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের চাকরির মেয়াদ শুধুমাত্র বেতন নির্ধারণীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং এই বাবদ কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন না।** এক্ষেত্রে স্কেলের সর্ব্বোচ্চ সীমায় পৌঁছার ১(এক) বৎসর পর পরবর্তী স্কেলে টাইমস্কেল প্রদানের বর্তমান প্রচলিত বিধান রহিত হইল। শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম স্কেল) প্রাপ্য হইবেন না।

(৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ (এক) বৎসর পর তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেলটি উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১(এক) টির অধিক উচ্চতর স্কেল (টাইম স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম স্কেল) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৪র্থ স্কেলের উর্দ্ধের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন নাঃ

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর বেতনস্কেল টাকা ১১০০০-২০৩৭০/-(৯ নং গ্রেড), টাকা ১২০০০-২১৬০০/- (৮ নং গ্রেড) এবং টাকা ১৫০০০-২৬২০০/-(৭ নং গ্রেড) এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব-স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ (এক) বৎসর পর জাতীয় বেতন স্কেল, ২০০৯-এ টাকা ১৮৫০০-২৯৭০০/-, উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ১২০০০-২১৬০০/- এবং ১৫০০০-২৬২০০/- বেতন স্কেলে পদোন্নতি প্রাপ্ত প্রথম শ্রেনীর কর্মকর্তাগণ পদোন্নতি না পাইলে, যে তারিখে টাকা ১১০০০-২০৩৭০/- অথবা টাকা ১২০০০-২১৬০০/- স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছাইতেন, যাহাই পূর্বে ঘটে, সে তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম স্কেল) টাকা ১৮৫০০-২৯৭০০/- প্রাপ্য হইবেন ।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত স্কেলসমূহ ব্যতীত জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর অধীন প্রথম শ্রেণীর অন্যান্য কর্মকর্তাগনকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল (টাইম স্কেল) প্রদেয় হইবে।

(৫) ১ম শ্রেণীর ৯ম গ্রেডভূক্ত যে সকল পদে পদোন্নতির কোন বিধান নাই এবং ব্লক পদ হিসাবে ঘোষিত, সে সকল ৯ম গ্রেডের ব্লক পদে ৪ বছর চাকরি পূর্তিতে ১০০% সিলেকশন গ্রেড এবং ১ম শ্রেণীর পদে ১০ ও ১৫ বছর চাকুরি পূর্তিতে চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতনস্কেল, উচ্চতর স্কেল (টাইমস্কল) হিসাবে প্রদেয় হইবে। তবে, শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের কোন **বকেয়া প্রাপ্য হইবে না ঃ**

**তবে** শর্ত থাকে যে, সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পদটি ব্লক পদ হিসাবে ঘোষিত হইতে হইবে ;

আরও শর্ত থাকে যে, এই ক্ষেত্রে বেতন স্কেলের সর্ব্বোচ্চ সীমায় পৌঁছার ১ (এক) বছর পর পরবর্তী উচ্চতর স্কেল (টাইম স্কেল) প্রদানের বর্তমান প্রচলিত বিধান রহিত হইল ।

(৬) যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডের পদোন্নতিযোগ্য পদ নাই সে সকল ক্যাডারের কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড পদে ১০ (দশ) বছর অথবা উপ সচিব বা সমস্কেলের ক্যাডার পদসহ ১০ বছর সন্তোষজনক চাকরি পুর্তিতে বা যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডের পদোন্নতিযোগ্য পদ থাকা সত্বেও নিজ ক্যাডারের ৪র্থ গ্রেডে পদোন্নতি (লাইন প্রমোশন) ব্যতিরেকে ৫ম গ্রেডে উপসচিব বা সমস্কেলের ক্যাডার পদে পদোন্নতি প্রাপ্ত হইয়াছেন সেই সকল কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড এবং উপসচিব পদসহ সাকুল্যে ১০ (দশ) বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে ৪র্থ গ্রেডে টাকা ২৫৭৫০-৩৩৭৫০/-টাইমস্কেল প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে প্রদেয় হইবে। তবে শর্ত থাকে যে, যে কোন ক্যাডার কর্মকর্তা পদোন্নতি ব্যতিরেকে একই পদে একটির বেশি টাইম স্কেল সুবিধা প্রাপ্য হইবেন না।

(৭) ক্যাডার ও নন-ক্যাডার নির্বিশেষে ৯ম গ্রেডভূক্ত সকল ১ম শ্রেণীর কর্মকর্তাকে ৪ (চার) বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিওিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, ৭ম গ্রেডের স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের পরিবর্তে জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ হইতে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

(৮) বিসিএস ক্যাডারসমূহের কর্মকর্তাদের জন্য বর্তমান বেতন স্কেল এর ৬ষ্ঠ গ্রেডভুক্ত স্কেলের বিপরীতে ১ম শ্রেণীর পদে ১০ (দশ) বছর চাকরি পূর্তিতে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রদানের যে বিধান রহিয়াছে, তাহা একই নীতিমালার ভিত্তিতে ৬ষ্ঠ গ্রেডভূক্ত নন-ক্যাডার কর্মকর্তাগণ ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ১০০% **প্রাপ্য হইবেন** ।

(৯) সকল ২য় শ্রেণীর কর্মকর্তা ৪ (চার) বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের পরিবর্তে জাতীয় বেতন-স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ থেকে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

(১০) জাতীয় বেতনস্কেল, ২০০৯ কার্যকর হওয়ার পর প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা পূর্বের শর্তাধীনে বলবৎ থাকিবে।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (Increment)।-** (১) জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যেই সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতনবৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতনস্কেলে বেতন বৃদ্ধির তারিখেই জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে। যে সকল ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখের পর পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১(এক) বৎসর চাকুরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন ঃ

তবে শর্ত থাকে যে,সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতন বৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

(২) যাহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১ জুলাই, ২০০৯, সেই ক্ষেত্রে জাতীয় বেতনস্কেল, ২০০৯-এ প্রদত্ত বিধান মোতাবেক প্রথমে বেতন নির্ধারণ করিয়া সে তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

(৩) জাতীয় বেতনস্কেল, ২০০৯ জারীর পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভূক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতন বৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতন বৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

**৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।-** (১) ১ জুলাই, ২০০৯ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (৩) এ বর্ণিত বিধান সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন-স্কেল, ২০০৯ এর ১১০০০-২০৩৭০/- (৯ম গ্রেড) বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

(ক) একজন এম,বি,বি,এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১(এক) টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

(খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং বা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দ্যেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রী রহিয়াছে, অথবা আইন বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী রহিয়াছে এবং যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, সেই সকল ব্যক্তিকে ২(দুই)টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে;

(গ) কোন কর্মকর্তা/কর্মচারী যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১(এক) টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।

(ঘ) উক্ত অগ্রিম বেতন বৃদ্ধি কেবলমাত্র চাকরিতে ১ম নিয়োগ লাভের সময় প্রাপ্য হইবেন এবং ইহা পরবর্তী অন্য কোন ক্ষেত্রে পদোন্নতি/সিলেকশন গ্রেড/টাইমস্কেল প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(২) তদানিন্তন Education Department Memorandum Nos. SIV/830- Edn, dated 18th July, 1970, SIV/831-Edu. Dated 18th July, 1970, 832 Edn, dated 17th July, 1970 এবং 833-Edn., dated 17th July, 1970 অনুযায়ী উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, যাহা অগ্রিম বেতনবৃদ্ধি মঞ্জুরীর সহিত সম্পর্কযুক্ত, Ministry of Finance O.M. No. MF (ID) -1-3/77/522, Dated 13th May -1978, MF (ID) -11-/P-1/81/457, Dated-16th April, 1981 Hhw MF (ID) -11-/P-1/81/800, Dated 29th June, 1981 তে আরোপিত শর্তসমূহ, যাহা বেতনবৃদ্ধি মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত, এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২ জানুয়ারি, ১৯৯৪ তারিখের স্মারক নং-পার-৩/টি-৩/৯৩/৬১, যাহা বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রবেশ পদের কর্মকর্তাদের উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান সম্পর্কিত, বিধানাবলী বলবৎ থাকিবে।

(৩) ১ জুলাই, ২০০৯ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারীর বেতন প্রথমে জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপ এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে।

(৪) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধুমাত্র প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।**- (১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতনস্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা ঃ-

| ক্রমিক নং | বেতনস্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ৪০০০০(নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ৩৩৫০০-৩৯৫০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ২৯০০০-৩৫৬০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ২৫৭৫০-৩৩৭৫০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ২২২৫০-৩১২৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ১৮৫০০-২৯৭০০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ১৫০০০-২৬২০০ | ৪ বৎসর |

(২) উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত চাকরির মেয়াদকাল বলিতে **১ম** শ্রেণীর চাকরির মেয়াদকাল বুঝাইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।**- (১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার তারিখ অর্থাৎ **১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে** এবং ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

(২) ১ জুলাই, ২০১০ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে বা ক্ষেত্রমত টাকার অংকে ভাতাদি প্রদেয় হইবে।

(৩) ১ জানুয়ারী ২০০৫ হইতে ৩০ জুন ২০০৯ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতনস্কেল, ২০০৯ প্রবর্তনের পরেও **৩০ জুন ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন ২০১০ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।**

(৪) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ৩০ জুন ২০১০ পর্যন্ত সময়কালে নব-নিয়োগপ্রাপ্তগণ জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী প্রাপ্য বেতন আহরণ করিবেন এবং অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন ২০০৯ তারিখে নিয়োগ হইলে যে হারে ভাতাদি প্রাপ্ত হইতেন সেই হারে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

(৫) অনুচ্ছেদ ৬ (১) (ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতনস্কেল, ২০০৯ কার্যকর হওয়ার তারিখ হইতে রহিত হইল।

**১২। ফায়ার সার্ভিস, আনসার, ভিডিপি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, র‌্যাপিড একশান ব্যাটালিয়ান (র‌্যাব) ও সেবিকাগণের (Nurses) জন্য ভাতাদি।**- (১) বর্তমান বেতনস্কেল অনুযায়ী ফায়ার সার্ভিস, আনসার, ভিডিপি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, র‌্যাব ও সেবিকাগণের (Nurses) যে সকল বিশেষ ভাতা, যদি থাকে, (টাকার অঙ্কে) ৩০ জুন, ২০০৯ তারিখে আহরণ করিয়াছেন সেই সকল ভাতা তাঁহারা একইরূপ শর্তে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত আহরণ করিবেন। ১ জুলাই ২০০৯ হইতে ৩০ জুন ২০১০ তারিখে বর্ণিত বিশেষ ভাতা (টাকার অঙ্কে) বাবদ আহরিত বা প্রাপ্য অঙ্কের উপর ১ জুলাই ২০১০ হইতে ৩০% বর্ধিত হারে প্রদেয় হইবে।

(২) পুলিশ বিভাগের যে সকল ব্যক্তি জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগ এবং র‌্যাব-এ প্রেষণে নিয়োজিত রহিয়াছেন বা থাকিবেন, তাঁহারা পুলিশ বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য এতদ্সংক্রান্ত আদেশ অনুযায়ী বাড়ি ভাড়া প্রাপ্য হইবেন।

**১৩। চিকিৎসাভাতা।-** (১) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে তাহা যথারীতি বলবৎ থাকিবে এবং সকল কর্মকর্তা/কর্মচারী মাসিক ৭০০ (সাতশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

(২) ৬৫ বৎসর উর্ধ্ব পেনশনারদের চিকিৎসাভাতা মাসিক ১০০০(এক হাজার) টাকা এবং অন্যান্য পেনশনারদের ক্ষেত্রে মাসিক চিকিৎসা ভাতা ৭০০ (সাতশত) টাকা হইবে।

**১৪। বাড়ি ভাড়া ভাতা।-** (১) সকল কর্মকর্তা/কর্মচারী চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর বিধান মোতাবেক ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে বাড়িভাড়া ভাতা পাইবেন। তবে, ১ জুলাই, ২০০৯ হইতে ৩০ জুন, ২০১০ এর মধ্যে প্রাপ্ত বার্ষিক ইনক্রিমেন্ট যোগ হইলেও জাতীয় বেতনস্কেল ২০০৯ প্রবর্তন না হইলে যে হারে বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইতেন একই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রাপ্য হইবেন।

(২) যে সকল কর্মকর্তা/কর্মচারী সরকারী বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

(৩) যে সকল কর্মকর্তা/কর্মচারী সরকারী বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে কর্তন করা হইত, সেই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত এবং ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়িভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা ঃ-

(ক) যদি তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে বিশেষ বেতন টাকা ৪০০০০ (নির্ধারিত) এবং জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১নং হইতে ১২ নং স্কেল { টাকা ৪০০০০ (নির্ধারিত) হইতে টাকা ৫৯০০- ১৩১২৫} এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

(খ) যদি তিনি জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ৫৫০০-১২০৯৫ এবং টাকা ৪৫০০-৯০৯৫) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

(গ) যদি তিনি জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর ১৮নং স্কেল টাকা ৪৪০০-৮৫৮০/- হইতে ২০নং স্কেল (টাকা ৪১০০-৭৭৪০) এর আওতাভুক্ত হন, এবং সেই সকল কর্মচারী সরকারী বাসায় বসবাস করিলে তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়িভাড়া প্রদান (কর্তন) করিতে হইবে না; তবে তিনি কোন বাড়িভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

(ঘ) যে কর্মকর্তা/কর্মচারী সরকারী বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়িভাড়া প্রদান করিতে হইবে না; তবে তিনি বাড়িভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

(ঙ) কোন কর্মকর্তা/কর্মচারী সরকারী বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

(৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারী বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারী বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ রহিয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য হারে পূর্ববৎ বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

(৫) যে সকল কর্মকর্তা/কর্মচারীর নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারীকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা।**- যদি জনস্বার্থ সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থল অথবা তৎসন্নিকটস্থ মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমেটরি বা ডাকবাংলো কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accomodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বার্থ বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা Improvised accomodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

(৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্মকর্তা ও কর্মচারীগণ ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথাঃ-

| মূল বেতন | বাড়ি ভাড়াভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ৫০০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২২৫০ |
| টাকা ৫০০১ হইতে টাকা ১০৮০০/- পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ৩৩০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- |
| টাকা ১০৮০১ হইতে টাকা ২১৬০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৬৫০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৫৪০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪৮০০/- |
| টাকা ২১৬০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১১৯০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৯৭০০/- | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৮৫০০/- |

(৭) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- অম/অবি/প্রবি-৪/বাড়ি ভাড়া-১/২০০৩/২৬৩ তারিখঃ ১-১১-২০০৩ খ্রিঃ মোতাবেক ঢাকায় বদলিজনিত কারণে দ্বিগুণ হারে বাড়ি ভাড়া ভাতা প্রদানের পদ্ধতি ১ ডিসেম্বর, ২০০৯ তারিখ হইতে বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**১৫। যাতায়াত ভাতা।**- (১) জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলভুক্ত (টাকা ৬৪০০-১৪২৫৫ হইতে টাকা ৪১০০-৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে তিনি ৩০ জুন, ২০০৯ তারিখে তাহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০১০ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

(২) জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলভুক্ত (টাকা ৬৪০০-১৪২৫৫ হইতে টাকা ৪১০০-৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে মাসিক ১৫০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

(৩) সার্বক্ষনিক গাড়ি ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ গাড়ীর ক্রয়মূল্য ও রক্ষণাবেক্ষণ ব্যায়ের সুবিধা প্রদান সংক্রান্ত সরকারী নীতিমালা মোতাবেক সুবিধাদি প্রাপ্ত না হওয়া পর্যন্ত বিদ্যমান সরকারী আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদান পূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা ভোগ করিবেন।

**১৬। উৎসবভাতা এবং শ্রান্তি ও বিনোদনভাতা।**- (১) সরকারী আদেশ নং-অম/অবি(বাস্ত)-৪/এফবি-১২/৮৬/২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services(Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসবভাতা এবং শ্রান্তি ও বিনোদনভাতা প্রদেয় হইবে।

(২) উৎসবভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক (আদেশ) নং-অম/অবি(বাস্ত-৪)এফবি-১২/৮৬/২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক, সময় সময় জারীকৃত এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে। তবে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রদান করা না হইলে ৩০ জুন, ২০০৯ তারিখের পর কোন কর্মকর্তা/কর্মচারী বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইলে সেক্ষেত্রে তিনি যে তারিখে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইবেন তার পূর্ববর্তী মাসের মূলবেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হইবে।

(৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/অবি/বিধি-১/চাঃবি-৩/২০০৪/৯৯, তারিখঃ ১০-০৩-১৪১৫ বঙ্গাব্দ/২৪-৬-২০০৮ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ২টি উৎসবভাতা বলবৎ থাকিবে।

**১৭। টিফিনভাতা।**- সকল নন-গেজেটেড বেসামরিক কর্মচারী মাসিক ১৫০.০০(একশত পঞ্চাশ) টাকা টিফিনভাতা প্রাপ্য হইবেন। কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিনভাতা প্রযোজ্য হইবে না।

**১৮। ধোলাইভাতা।**- যে সকল কর্মচারীর ক্ষেত্রে ধোলাইভাতা প্রযোজ্য, তাঁহারা মাসিক ৭৫.০০(পঁচাত্তর) টাকা প্রাপ্য হইবেন।

**১৯। কার্যভারভাতা।**- চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ১০% হারে মাসিক সর্বোচ্চ ১৫০০.০০(এক হাজার পাঁচ শত) টাকা কার্যভার ভাতা প্রাপ্য হইবেন।

**২০। ডোমেস্টিক এইড এলাউন্স।**- ডোমেস্টিক এইড এলাউন্স মাসিক ১৩০০.০০(একহাজার তিনশত) টাকা প্রদেয় হইবে।

**২১। ভ্রমণ ভাতা।**- ভ্রমনভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। তবে, বদলি জনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ২.০০ (দুই) টাকা প্রদেয় হইবে এবং প্যাকিং চার্জ বাবদ বিদ্যমান টাকার অংক বলকৎ থাকিবে।

**২২। পাহাড়ি ভাতা।**- পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা বা কর্মচারীর জন্য নির্ধারিত পাহাড়ি ভাতা মাসিক বেতনের ৩০% হারে সর্বোচ্চ ৩০০০.০০ (তিন হাজার ) টাকা প্রদেয় হইবে।

**২৩। প্রেষণ ভাতা।**- অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-৬/২০০৭(অংশ)/ ৩১ তারিখ-০৭/০৪/২০০৮ মোতাবেক প্রদেয় প্রেষণ ভাতার পূর্বের হার (মাসিক বেতনের ২০%) অব্যাহত থাকিবে।

২৪। **আপ্যায়নভাতা।**- মাসিক আপ্যায়নভাতার প্রচলিত হার নিম্নরূপভাবে প্রদেয় হইবে, যথাঃ-

| ক্রমিক নং | পদবী/পদমর্যাদা | আপ্যায়ন ভাতা |
|---|---|---|
| ১। | মন্ত্রিপরিষদ সচিব | ২০০০/- |
| ২। | মূখ্য সচিব | ১২০০/- |
| ৩। | সচিব | ১০০০/- |
| ৪। | অতিরিক্ত সচিব | ৯০০/- |
| ৫। | যুগ্ম-সচিব/অন্যান্য প্রাধিকারভূক্ত কর্মকর্তা | ৬০০/- |

**২৫। শিক্ষা সহায়ক ভাতা।**- সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ২০০.০০(দুই শত) টাকা হারে এবং অনধিক ২(দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ৩০০.০০ (তিনশত) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হইবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবি হইলে সন্তান সংখ্যা যেকোন একজনের ক্ষেত্রেই গণনা করিয়া ভাতার পরিমান নির্ধারণ হইবে। এই সংক্রান্ত একটি পৃথক নীতিমালা অর্থ বিভাগ কর্তৃক জারী করিতে হইবে।

**২৬। প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণ ভাতা।**- প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণের মাসিক বেতনের ৩০% প্রশিক্ষণ ভাতা বহাল থাকিবে। তবে, প্রশিক্ষন নিয়োজিত কর্মকর্তাগণ প্রেষণভাতা অথবা প্রশিক্ষন প্রতিষ্ঠানে প্রেষণ ভাতা দুইটির মধ্যে যেকোন একটি প্রাপ্য হইবেন।

**২৭। বেতন নির্ধারণ পদ্ধতি।**- (১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণের (Pay Fixation Statement) বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে

বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

(২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণী বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস উক্ত বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন।

(৩) জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরই প্রদেয় হইবে।

(৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

**২৮। আয়কর।-** এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা ঃ

(ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরি শোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

(খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

(গ) আয়কর পরিশোধের পর কেবল সরকার হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন- টি এ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

(ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিবেন;

(ঙ) আয়কর সংক্রান্ত বিদ্যমান ব্যবস্থা বলবৎ থাকিবে।

**২৯। রহিতকরণ ও হেফাজত।-** (১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল;

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ড. মোহাম্মদ তারেক)
অর্থ সচিব

১৮-৮-১৪১৬ বঙ্গাব্দ
নং-অম/অবি/(বাস্ত-১)/জাঃ বেঃ স্কেল-১/২০০৯/২৩২ তারিখঃ -----------------
০২-১২-২০০৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব,------------------------(সকল মন্ত্রণালয়/বিভাগ)। তাঁহার আওতাভুক্ত সকল অধিদপ্তর/পরিদপ্তর/হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল বিভাগ। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরাধ করা হইল।

৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদশ, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল ।

৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৮। অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল ।

৯। জেলা প্রশাসক,--------------------------------- (সকল জেলা)। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,-------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।

১১। উপজেলা নির্বাহী অফিসার---------------------------------------------(সকল উপজেলা)।

১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ------------------------------------------------(সকল বিভাগ)।

১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----------------------------------------------(সকল জেলা)।

১৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ------------------------------------- --(সকল উপজেলা)।

১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা ।

১৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা । চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ বাংলদেশ গেজেট প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল ।

১৭। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি ।

(মোঃ সহিদ উল্লা মিয়া)
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

৩০/৫/১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
স্ট্রেনদেনিং আইসিটি ট্রেনিং এন্ড সিস্টেম অব বিবিএস প্রকল্প
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং- বিবিএস/কম্পিউটার/ই-মেইল/২০০৮-৪৩৪ তারিখঃ ২৬-০৫-২০১০ইং

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে Unicode বাংলা ও Nikosh Font ব্যবহার প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৫-০৪-২০১০ইং তারিখে বিবিএস-এর মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল কার্যক্রমে Unicode বাংলা ও Nikosh Font ব্যবহারের জন্য সরকারীভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের A2I প্রকল্প ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর যৌথ উদ্যোগে গত ১৯-০৫-২০১০ইং তারিখে দুদিন ব্যাপী শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচী পরিচালিত হয়। এই কর্মসূচীতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ৯(নয়) জন প্রথম শ্রেনীর কর্মকর্তা অংশ গ্রহণ করে Unicode-এ বাংলা টাইপিং বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বস্তরে Unicode বাংলা ও Nikosh Font ব্যবহারের জন্য Software সম্বলিত ১(এক) কপি CD এতদসংগে প্রেরণ করা হ'ল।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বস্তরে Unicode বাংলা ও Nikosh Font ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মোঃ নজরুল ইসলাম)
প্রকল্প পরিচালক
ইন্টারকমঃ১২০৪

বিতরণঃ (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। পরিচালক, সেন্সাস উইং, বিবিএস, ঢাকা।
২। পরিচালক, কম্পিউটার, বিবিএস, ঢাকা।
৩। পরিচালক, কৃষি উইং, বিবিএস, ঢাকা।
৪। পরিচালক, ন্যাশনাল একাউন্টি উইং, বিবিএস, ঢাকা।
৫। পরিচালক, স্ট্যাটিসটিক্যাল স্টাফ ইনষ্টিটিউট, বিবিএস, ঢাকা।
৬। পরিচালক, ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং, বিবিএস, ঢাকা।
৭। পরিচালক, ইন্ডাষ্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস, ঢাকা।
৮। যুগ্ম পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
৯। প্রকল্প পরিচালক, আদমশুমারী গৃহগণনা ২০১১ প্রকল্প, বিবিএস, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, মনিটরিং দ্যা সিচুয়েশন অফ চিলড্রেন এন্ড ওমেন প্রকল্প, বিবিএস, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে প্রকল্প, বিবিএস, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন ডাটা কালেকশন এন্ড এনালাইসিস ইউজিং জিআইএস ম্যাপস প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, স্যাম্পল ভাইটাল রেজিষ্ট্রেশন পদ্ধতি শক্তিশালীকরণ (SVRS) প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, বাংলাদেশ কৃষি শুমারী-২০০৭ প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক, জাতীয় হিসাব, মূল্য ও মজুরী পরিসংখ্যান উন্নয়ন প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক, আপডেটিং এন্ড এক্সটেনশন অব এগ্রিকালচার ক্লাস্টার প্লটস এন্ড সার্ভে অব কস্ট অব প্রোডাকশন (ইউসিপিএসসিপি) প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, অপটিক্যাল ডাটা আরকাইভ এন্ড নেটওয়াকিং প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, ক্যাপাসিটি বিল্ডিং অব বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিকস প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৯। প্রকল্প পরিচালক, কৃষি দাগগুচ্ছ হালনাগাদ ও সম্প্রসারণ এবং উৎপাদন খরচ জরিপ, বিবিএস, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

(১) স্টাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
(২) স্টাফ অফিসার, উপ-মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
(৩) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
ই-মেইলঃ dg@bbs.gov.bd.

নং-বিবিএস/এমআইএস/১প্রশা-১৮১/২০০১-৯৮৪৭ তারিখঃ 02/06/2010 ইং

## অফিস আদেশ

পরিকল্পনা মন্ত্রণালয়াধীন পরিসংখ্যান বিভাগের ১০-০৫-২০১০ তারিখের পবি/পম/শা-২/সা (১৭৩)/২০০৫-৮৯ সংখ্যক স্মারকে প্রদত্ত অনুমোদনক্রমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন উইংয়ের পরিচালকগণকে এবং এফএ এন্ড এমআইএস-এর যুগ্ম-পরিচালককে নিম্নরূপ বর্ণনানুযায়ী ভ্রমণ ভাতা বিলে প্রতিস্বাক্ষর করার ক্ষমতা অর্পণ করা হল ঃ

| ক্রমিক নং | প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা | আইটেম |
|---|---|---|
| ০১. | পরিচালক/পরিচালক ভারপ্রাপ্ত, বিবিএস | সদর দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমণ ভাতা বিল। |
| ০২. | যুগ্ম-পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস | এফএ এন্ড এমআইএস-এর কর্মকর্তা/কর্মচারী ও মাঠ পর্যায়ে আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তাদের ভ্রমণ ভাতা বিল। |

০২। বিবিএস এর মাঠ পর্যায় এবং সদরদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ ভাতা বিল মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এঁর অনুমোদন গ্রহণসাপেক্ষে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা এর স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে 'প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা' স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ভ্রমণ ভাতা বিল অনুমোদনের পূর্বে বিধি মোতাবেক ভ্রমণ বিবরণীসহ সকল নথি উপমহাপরিচালক এঁর মাধ্যমে মহাপরিচালক, বিবিএস বরাবরে পেশ করতে হবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

০১/০৬/১০
মোঃ শাহজাহান আলী মোল্লা
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন ঃ ৯১১২৫৮৯

বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

(১) পরিচালক, সেন্সাস/এগ্রিকালচার/ন্যাশনাল একাউন্টিং/কম্পিউটার/ডেমোগ্রাফী এন্ড হেলথ/ইন্ডাস্ট্রী এন্ড লেবার উইং/এস.এস.টি.আই, বিবিএস, ঢাকা।
(২) যুগ্ম-পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা ।
(৩) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
(৪) উপ-পরিচালক, ফিল্ড শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা ।
(৫) অফিস কপি ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

সচিব, পরিসংখ্যান বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা ।

D:\My Documents\MONI\forwarding.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১(৩) অধিশাখা
www.moestab.gov.bd

১৪ মাঘ, ১৪১৭ বঙ্গাব্দ

০৫.১৭২.০২২.১১.০৭.০০৯.২০১০-২৮৭ তারিখঃ ২৭ জানুয়ারি ২০১১ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

বিষয়ঃ ২য় শ্রেণীর কর্মকর্তাদের ০৪ (চার) বৎসর চাকরি পূর্তিতে সিলেকশন গ্রেড প্রদান।

চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর অনুচ্ছেদ ৭ এর উপানুচ্ছেদ ৯ এর বিধান অনুযায়ী সকল ২য় শ্রেণীর কর্মকর্তা নিম্নোক্ত শর্তাধীনে ১০০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেনঃ

(ক) চাকরিতে স্থায়ী হইতে হইবে;

(খ) ২য় শ্রেণীর পদে চাকরির মেয়াদ ০৪ (চার) বৎসর পূর্ণ হইতে হইবে; চাকরির মেয়াদকাল গণনার ক্ষেত্রে অস্থায়ী রাজস্বখাতভুক্ত পদের চাকরিকালও গণনাযোগ্য হইবে, এবং

(গ) চাকরির রেকর্ড সন্তোষজনক হইতে হইবে।

০২। এই আদেশ ১লা জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।

(ইকবাল মাহমুদ)
সচিব

বিতরণ ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব,............................................................................ সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁর আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
৫। ............................................................................... সংস্থাপন মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর,পরিদপ্তর,দপ্তর,অফিস, সংস্থা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান।
৬। উপ-নিয়ন্ত্রক,বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য), ঢাকা।
৭। সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, পিএসিসি, সংস্থাপন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
পরিসংখ্যান ও গবেষণা কোষ
**www.moestab.gov.bd**

২৭/১২/১৪১৭ বঙ্গাব্দ

নং ০৫.২০৬.০৩৩.০০.০০.০৬৮.২০০৮- ৮৭ তারিখঃ ------------------------

১০/০৪/২০১১ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের Rules of Business, 1996 এর Rule 4 (vii)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ সচিবালয়ের কার্যনিষ্পত্তির জন্য জারিকৃত সচিবালয় নির্দেশমালা ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করা হইল,

সচিবালয় নির্দেশমালা ২০০৮-এর নির্দেশ নং ৪১(৭) অনুযায়ী নির্ধারিত ১৯ ডিজিটের ডিজিটাল নথি নম্বর এর পরিবর্তে নিম্নরূপ ১৮ ডিজিটের ডিজিটাল নথি নম্বর সন্নিবেশিত হইবে, যথাঃ-

অনুমোদিত ও সংশোধিত ডিজিটাল নথি নম্বর পদ্ধতিটি পূর্ণ ডিজিটাল কোড দ্বারা সমন্বিত। কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করিয়া নথির সুষ্ঠু সংরক্ষণ ও নথির গোপনীয়তা রক্ষার্থে এই আধুনিক নথি নম্বর পদ্ধতিটির প্রবর্তন করা হইয়াছে। ডিজিটাল নথি নম্বর ১৮ ডিজিটের মধ্যে সীমাবদ্ধ রাখিতে হইবে। ইহাতে কোড থাকিবে ০৭(সাত)টি, ফুলস্টপ (.) থাকিবে ০৭(সাত)টি এবং ডিজিট থাকিবে ১৮টি। নূতন নথি নম্বর প্রদানে ডিজিটাল পদ্ধতিটির কোডভিত্তিক বিশ্লেষণ এবং ব্যবহার পদ্ধতি নিম্নরূপঃ

**ডিজিটাল নথি নম্বর**

| সচিবালয় কোড (মন্ত্রণালয়/বিভাগ) | সংযুক্ত দপ্তর/ অধিদপ্তর/ পরিদপ্তর/ স্বায়ত্তশাসিত সংস্থা/ বিভাগীয় কার্যালয়/ অন্যান্য অধিক্ষেত্র | জিওগ্রাফিক (জিও) কোড | শাখা/ অধস্তন প্রতিষ্ঠান কোড | বিষয়ভিত্তিক শ্রেণীবিন্যাস কোড | নথির ক্রমিক সংখ্যা কোড | নথি খোলার সন কোড |
|---|---|---|---|---|---|---|
| ০০. | ০০. | ০০০০. | ০০০. | ০০. | ০০০. | ০০. |

**(ক) মন্ত্রণালয়/বিভাগ কোডঃ**

দুই অংক বিশিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কোড নথি নম্বরের ১ম অবস্থানে সন্নিবেশিত হইবে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ-এর কোড সচিবালয় নির্দেশমালা ২০০৮ এর ১০৮ নং পৃষ্ঠায় ক্রোড়পত্র-৫ এ সন্নিবেশিত রহিয়াছে। কোন মন্ত্রণালয়/বিভাগ সৃষ্টি/বিলুপ্ত অথবা সংযুক্ত করা হইলে সংস্থাপন মন্ত্রণালয় কোড নম্বর পরিবর্তন/সংশোধন/বরাদ্দ প্রদান করিবে।

**(খ) সংযুক্ত দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থা/বিভাগীয় কার্যালয়/অন্যান্য অধিক্ষেত্র কোডঃ**

প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ-এর অধীনস্থ সংযুক্ত দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থা/বিভাগীয় কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/অন্যান্য অধিক্ষেত্র, যেমন- বোর্ড, ব্যুরো, কমিশন এর অনুকূলে দুই ডিজিটের কোড নম্বর বরাদ্দ করিতে হইবে। ইহা নথি নম্বরের দ্বিতীয় অবস্থানে সন্নিবেশিত হইবে। এই কোড নম্বর ০১ থেকে ৯৯ পর্যন্ত ধারাবাহিকভাবে স্ব স্ব প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ-এর প্রশাসন কর্তৃক বরাদ্দ করিয়া সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে অবহিত করিতে হইবে এবং উহা স্থায়ীভাবে সংরক্ষণ করিতে হইবে। নূতন কোন অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন অথবা অনুরূপ কোন সংস্থা যেমন- বোর্ড, ব্যুরো, কমিশন

সৃষ্টি/বিলুপ্ত অথবা সংযুক্ত করা হইলে স্ব স্ব প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কোড নম্বর পরিবর্তন/সংশোধন/ বরাদ্দ প্রদান করিবে।

**(গ) জিওগ্রাফিক (জিও) কোডঃ**

এই কোড ০৪ অংক বিশিষ্ট হইবে। ইহা নথি নম্বরের তৃতীয় অবস্থানে সন্নিবেশিত হইবে। যেই সকল মন্ত্রণালয়/বিভাগ-এর অধীনস্থ দপ্তর/সংস্থার জেলা ও উপজেলা পর্যায়ে অফিস রহিয়াছে তাহাদের জেলা পর্যায়ের অফিসের জন্য ১ম ০২ অংকে জেলার জিও কোড এবং উপজেলা পর্যায়ের অফিসের জন্য জেলার জিও কোডসহ অবশিষ্ট ০২ অংকে উপজেলার জিও কোড ব্যবহার করিতে হইবে। পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নির্ধারিত এবং পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইট www.bbs.gov.bd-এ প্রকাশিত জিও কোড অনুসরণ করিতে হইবে।

**(ঘ) শাখা/অধস্তন প্রতিষ্ঠান কোডঃ**

০৩(তিন) অংক বিশিষ্ট এই কোড নম্বর নথি নম্বরের ৪র্থ অবস্থানে সন্নিবেশিত হইবে। ইহা প্রতিটি দপ্তরের শাখা নির্ধারণের জন্য ব্যবহৃত হইবে। এইক্ষেত্রে শাখা বলিতে নথি সৃষ্টিকারী দপ্তর/ইউনিট/কোষ/ শাখা/অধিশাখা/অনুবিভাগকে বোঝানো হইবে। তবে একটি জিও কোড, যেমন- উপজেলা, এর আওতাভুক্ত একটি দপ্তরের অধীনে একাধিক প্রতিষ্ঠান থাকিলে তাহার জন্য এই ০৩ (তিন) ডিজিটের কোড নম্বর ধারাবাহিকভাবে বরাদ্দ করিতে হইবে। সংশ্লিষ্ট দপ্তরের শাখার জন্য এবং অধস্তন প্রতিষ্ঠানসমূহের জন্য কোড নম্বরকে সুবিধাজনকভাবে স্লট (Slot)-এ ভাগ করিয়া নিতে হইবে। উর্ধ্বতন দপ্তর/সংস্থা তাহাদের অধস্তন প্রতিষ্ঠানসমূহের জন্য ধারাবাহিকভাবে কোড নম্বর বরাদ্দ প্রদান করিবে।

**(ঙ) বিষয়ভিত্তিক শ্রেণীবিন্যাস কোডঃ**

এই কোড নম্বর ০২ অংক বিশিষ্ট হইবে। প্রতিটি সরকারি দপ্তরের কার্যক্রম ভিন্ন ভিন্ন হইয়া থাকে। বিষয়ভিত্তিক শ্রেণীবিন্যাস কোড স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠান/সংস্থার প্রশাসন নির্ধারণ করিয়া সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবে এবং উহা স্থায়ীভাবে সংরক্ষণ করিবে। এইক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা ২০০৮ এর ১০৯ নং পৃষ্ঠায় ক্রোড়পত্র-৬ এ উল্লিখিত বিষয়ভিত্তিক কোডকে নমুনা হিসেবে ব্যবহার করা যাইবে। তবে এই বিষয়ভিত্তিক কোডকে ০৩ (তিন) অংকের পরিবর্তে ০২ (দুই) অংক ধরিতে হইবে। নূতন কোন বিষয় সংযোজনের প্রয়োজন হইলে উহা সর্বশেষ কোড নম্বরের পরে সন্নিবেশিত হইবে।

**(চ) নথির ক্রমিক সংখ্যা কোডঃ**

এই কোড ০৩ (তিন) অংক বিশিষ্ট হইবে। ইহা নথি সৃষ্টিকারী দপ্তর/ইউনিট/কোষ/শাখা/অধিশাখা/ অনুবিভাগ-এর নথি রেজিস্টারে যেই ক্রমিক সংখ্যা ব্যবহার করা হইবে সেই ক্রমিক সংখ্যাই এই অবস্থানে লিখিতে হইবে। প্রতি বৎসরের শুরুতে নথির ক্রমিক সংখ্যা বিষয়ভিত্তিক নূতনভাবে ০০১ (এক) থেকে শুরু করিতে হইবে। এইক্ষেত্রে পুরাতন/বিনষ্টযোগ্য কোন নথি নম্বর পুনরায় ব্যবহার করা যাইবে না।

**(ছ) নথি খোলার সন কোডঃ**

নথি খোলার সনের শেষ দুই ডিজিট এই অবস্থানে সন্নিবেশিত হইবে। অতঃপর ফুলস্টপ (.) দিয়ে চিঠির জারী নম্বর ব্যবহার করিতে হইবে। জারি নম্বর ডিজিটাল নথি নম্বরের অংশ নহে। ডিজিটাল নথি নম্বর ১৮ ডিজেটের মধ্যেই সীমাবদ্ধ থাকিবে।

এইক্ষেত্রে আরো একটি বিষয় অনুসরণীয় - তাহা হইল, ডিজিটাল নথি নম্বরের কোন ঘর কোন দপ্তরের জন্য প্রযোজ্য না হইলে প্রয়োজনীয় সংখ্যক শূন্য দিয়ে পূরণ করিতে হইবে।

কয়েকটি দপ্তরের ডিজিটাল নথি নম্বরের নমুনা ক্রোড়পত্র-৬(ক)-তে দেখানো হইল।

ক্রোড়পত্র-৬(ক)

{নির্দেশ নং ৪১(৭)}

## ডিজিটাল নথি নম্বরের নমুনাঃ

উদাহরনঃ ১। সংস্থাপন মন্ত্রণালয়ের বাজেট ও অডিট শাখার অডিট বিষয়ক নথি নম্বরঃ

| সংস্থাপন মন্ত্রণালয় কোড | সংযুক্ত দপ্তর/ অধিদপ্তর/পরিদপ্তর/ স্বায়ত্তশাসিত সংস্থা/ বিভাগীয় কার্যালয়/ অন্যান্য অধিক্ষেত্র কোড | জিওগ্রাফিক (জিও) কোড | বাজেট ও অডিট শাখা কোড | অডিট বিষয়ক শ্রেণীবিন্যাস কোড | নথির ক্রমিক সংখ্যা কোড | নথি খোলার সন কোড |
|---|---|---|---|---|---|---|
| ০৫. | ০০. | ০০০০. | ১১৫. | ০১. | ০০১. | ১০. |

নোটঃ ১। সংস্থাপন মন্ত্রণালয়ের কোড ০৫ বরাদ্দ করা আছে।

২। ০২ ও ০৩ নং ধাপের কোড নম্বর সংস্থাপন মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য না হওয়ায় যথাক্রমে ০০ (দুইটি শূন্য) ও ০০০০ ( চারটি শূন্য) দিয়ে পূরণ করা হইয়াছে।

৩। সংস্থাপন মন্ত্রণালয়ের বাজেট ও অডিট শাখার কোড নম্বর ১১৫ ধরা হইয়াছে।

৪। অডিটকে বিষয়ভিত্তিক শ্রেণীবিন্যাস করে ০১ কোড নম্বর বরাদ্দ করা হইয়াছে।

৫। ২০১০ সালে নথি রেজিস্টারে এই নথির ক্রমিক সংখ্যা ০০১ দেওয়া হইয়াছে।

৬। ২০১০ সালে এই নথি খোলা হইয়াছে মর্মে ধরিয়া লওয়া হইল।

উদাহরনঃ ২। জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা-এর সংস্থাপন শাখার ছুটি বিষয়ক নথি নম্বরঃ

| সংস্থাপন মন্ত্রণালয় কোড | বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা কোড | জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা কোড | সংস্থাপন শাখা কোড | ছুটি বিষয়ক শ্রেণীবিন্যাস কোড | নথির ক্রমিক সংখ্যা কোড | নথি খোলার সন কোড |
|---|---|---|---|---|---|---|
| ০৫. | ১২. | ২৬০০. | ১০১. | ০৮. | ০০২. | ১০. |

নোটঃ ১। সংস্থাপন মন্ত্রণালয়ের কোড ০৫ বরাদ্দ করা আছে।

২। সংস্থাপন মন্ত্রণালয় থেকে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা-কে ১২ কোড নম্বর বরাদ্দ করা হইয়াছে মর্মে ধরিয়া নেওয়া হইল।

৩। ঢাকা জেলার জিও কোড ২৬ এবং জেলা প্রশাসকের কার্যালয়-এর নথি হওয়ায় উপজেলা কোড ০০ দিয়ে পূরণ করে জিও কোড ধরা হইয়াছে।

৪। সংস্থাপন শাখাকে ১০১ কোড নম্বর বরাদ্দ করা হইয়াছে মর্মে ধরিয়া লওয়া হইল।

৫। ছুটি সংক্রান্ত বিষয়কে ০৮ বিষয়ভিত্তিক শ্রেণীবিন্যাস কোড বরাদ্দ করা হইয়াছে।

৬। ২০১০ সালে নথি রেজিস্টারে এই নথির ক্রমিক সংখ্যা ০০২ ধরা হইয়াছে।

৭। ২০১০ সালে এই নথি খোলা হইয়াছে মর্মে ধরিয়া লওয়া হইল।

উদাহরনঃ ৩ । কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-এর উন্নয়ন শাখার উন্নয়ন প্রকল্প বিষয়ক নথি নম্বরঃ

| কৃষি মন্ত্রণালয় কোড | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কোড | জিওগ্রাফিক (জিও) কোড | উন্নয়ন শাখা কোড | উন্নয়ন প্রকল্প বিষয়ক শ্রেণীবিন্যাস কোড | নথির ক্রমিক সংখ্যা কোড | নথি খোলার সন কোড |
|---|---|---|---|---|---|---|
| ১২. | ০২. | ০০০০. | ১২০. | ১৪. | ০০২. | ১০. |

নোটঃ ১। কৃষি মন্ত্রণালয়ের কোড ১২ বরাদ্দ করা আছে।

২। কৃষি মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-এর কোড নম্বর ০২ ধরা হইয়াছে।

৩। জিও কোড প্রযোজ্য না হওয়ায় ০০০০( চার টি শূন্য) দিয়ে পূরণ করা হইয়াছে।

৪। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক উন্নয়ন শাখার জন্য কোড নম্বর ১২০ বরাদ্দ করা হয়েছে মর্মে ধরা হইয়াছে।

৫। উন্নয়ন প্রকল্পকে ১৪ বিষয়ভিত্তিক শ্রেণীবিন্যাস কোড নির্ধারণ করা হইয়াছে

৬। ২০১০ সালে নথি রেজিস্টারে এই নথির ক্রমিক সংখ্যা ০০২ ধরা হইয়াছে।

৭। ২০১০ সালে এই নথি খোলা হয়েছে মর্মে ধরিয়া লওয়া হইল।

উদাহরনঃ ৪ । বাগেরহাট সদর উপজেলা-এর বাজেট বিষয়ক নথি নম্বরঃ

| সংস্থাপন মন্ত্রণালয় কোড | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা কোড | বাগেরহাট সদর উপজেলা কোড | বাজেট শাখা কোড | বাজেট বিষয়ক শ্রেণীবিন্যাস কোড | নথির ক্রমিক সংখ্যা কোড | নথি খোলার সন কোড |
|---|---|---|---|---|---|---|
| ০৫. | ১৫. | ০১০৮. | ০০৫. | ২০. | ০০৫. | ১০. |

নোটঃ ১। সংস্থাপন মন্ত্রণালয়ের কোড ০৫ বরাদ্দ করা আছে।

২। সংস্থাপন মন্ত্রণালয় থেকে বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর অনুকূলে কোড নম্বর ১৫ বরাদ্দ করা হইয়াছে মর্মে ধরা হইয়াছে।

৩। বাগেরহাট সদর উপজেলার জেলা কোডসহ জিও কোড ০১০৮ হইবে।

৪। বাগেরহাট সদর উপজেলা কর্তৃক বরাদ্দকৃত বাজেট শাখার জন্য ০০৫ শাখা কোড ধরা হইয়াছে।

৫। বাজেটকে ২০ বিষয়ভিত্তিক শ্রেণীবিন্যাস কোড ধরা হইয়াছে।

৬। ২০১০ সালে নথি রেজিস্টারে এই নথির ক্রমিক সংখ্যা ০০৫ ধরা হইয়াছে।

৭। ২০১০ সালে এই নথি খোলা হইয়াছে মর্মে ধরিয়া লওয়া হইল।

উদাহরনঃ ৫ । মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলা-এর বড়টিয়া ইউনিয়ন ভূমি অফিসের নথি নম্বরঃ

| ভূমি মন্ত্রণালয় কোড | বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা কোড | মানিকগঞ্জ ঘিওর উপজেলার এসি (ল্যান্ড) অফিস কোড | বড়টিয়া ইউনিয়ন ভূমি অফিস কোড | ভূমি খারিজ বিষয়ক শ্রেণীবিন্যাস কোড | নথির ক্রমিক সংখ্যা কোড | নথি খোলার সন কোড |
|---|---|---|---|---|---|---|
| ৩১. | ১৫. | ৫৬২২. | ০১৫. | ৩৫. | ০০৫. | ১০. |

নোটঃ ১। ভূমি মন্ত্রণালয়ের কোড ৩১ বরাদ্দ করা আছে।

২। ভূমি মন্ত্রণালয় থেকে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা এর অনুকূলে কোড নম্বর ১৫ বরাদ্দ করা হইয়াছে মর্মে ধরা হইল।

৩। মানিকগঞ্জ ঘিওর উপজেলার জেলা কোডসহ জিও কোড ৫৬২২ হইবে।

৪। মানিকগঞ্জ ঘিওর উপজেলার এসি (ল্যান্ড) অফিস কর্তৃক বরাদ্দকৃত বড়টিয়া ইউনিয়ন ভূমি অফিস-এর জন্য ০১৫ অধস্তন প্রতিষ্ঠান কোড ধরা হইয়াছে।

৫। জমি খারিজকে ৩৫ বিষয়ভিত্তিক শ্রেণীবিন্যাস কোড ধরা হইয়াছে।

৬। ২০১০ সালে নথি রেজিস্টারে এই নথির ক্রমিক সংখ্যা ০০৫ ধরা হইয়াছে।

৭। ২০১০ সালে এই নথি খোলা হয়েছে মর্মে ধরিয়া লওয়া হইল।

উদাহরনঃ ৬ । শিবপুর সরকারি শহীদ আসাদ কলেজ, নরসিংদী-এর বাজেট বিষয়ক নথি নম্বরঃ

| শিক্ষা মন্ত্রণালয় কোড | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তর কোড | শিবপুর, নরসিংদী কোড | শিবপুর সরকারি শহীদ আসাদ কলেজ কোড | বাজেট বিষয়ক শ্রেণীবিন্যাস কোড | নথির ক্রমিক সংখ্যা কোড | নথি খোলার সন |
|---|---|---|---|---|---|---|
| ৩৭. | ১০. | ৬৮৭৬ | ০০৫ | ২০. | ০০৫. | ১০. |

নোটঃ ১। শিক্ষা মন্ত্রণালয়ের কোড ৩৭ বরাদ্দ করা আছে।

২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত মাউশি-এর কোড নম্বর ১০ ধরা হইয়াছে।

৩। নরসিংদী জেলার কোড ৬৮ সহ শিবপুর নরসিংদী-এর কোড ৬৮৭৬ হইবে।

৪। শিবপুর উপজেলার কলেজগুলোর মধ্যে শিবপুর সরকারি শহীদ আসাদ কলেজকে ০০৫ নম্বর কোড বরাদ্দ করা হইয়াছে।

৫। বাজেটকে ২০ বিষয়ভিত্তিক শ্রেণীবিন্যাস কোড ধরা হইয়াছে।

৬। ২০১০ সালে নথি রেজিস্টারে এই নথির ক্রমিক সংখ্যা ০০৫ ধরা হইয়াছে।

৭। ২০১০ সালে এই নথি খোলা হয়েছে মর্মে ধরিয়া নেওয়া হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২০/০৮/২০১১

(ইকবাল মাহমুদ)
সচিব
সংস্থাপন মন্ত্রণালয়।

নং ০৫.২০৬.০৩৩.০০.০০.০৬৮.২০০৮- ৮৭ (৭০)

তারিখঃ ২৮/১২/১৪১৭ বঙ্গাব্দ
২২/০৪/২০১১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইলঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব, ..................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৪। অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। যুগ্ম-সচিব (সকল), সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। উপ-পরিচালক, সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, সংস্থাপন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮। সচিবের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২১।৪।১১

(মোহাম্মদ রফিকুল ইসলাম)
সহকারী প্রধান
ফোনঃ ৭১৬৮৬০৮
ই-মেইল- aes&r1@moestab.gov.bd

**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, অক্টোবর ৯, ২০১১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থ বিভাগ**

**প্রবিধি অনুবিভাগ**

**প্রবিধি অধিশাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ অক্টোবর ২০১১

**নং ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০১১.১১-২০০**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বেসামরিক প্রশাসনের আওতাধীন প্রজাতন্ত্রের সকল সরকারি কর্মকর্তা কর্মচারীর ভ্রমণ ভাতা, দৈনিক ভাতা এবং সড়ক পথে কিলোমিটার ভিত্তিক পথ ভাড়া ভাতা ইত্যাদি নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হ'ল ঃ—

১। **সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শ্রেণীবিন্যাস ঃ**

| | |
|---|---|
| ক-শ্রেণী ঃ | মূল বেতন নির্বিশেষে সকল প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং ঐ সকল দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা যাদের মূল বেতন মাসিক ১৫,০০০ টাকা বা তদূর্ধ্ব। |
| খ-শ্রেণী ঃ | মাসিক ১৫,০০০ টাকার কম মূল বেতন গ্রহণকারী সকল দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং ঐ সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী যাদের মূল বেতন মাসিক ৮,০০০ টাকা বা তদূর্ধ্ব। |
| গ-শ্রেণী ঃ | খ এবং ঘ শ্রেণী ব্যতীত সকল তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারী। |
| ঘ-শ্রেণী ঃ | ফরেস্ট গার্ড, পুলিশ কনস্টবল (প্রধান কনস্টবল ব্যতীত), জেল ওয়ার্ডার, পেটি অফিসার, কিশোর অপরাধী সংশোধনী প্রতিষ্ঠান (Borstal School) এর দ্বাররক্ষী এবং সকল ৪র্থ শ্রেণীর সরকারি কর্মচারী। |


**মূল্য ঃ** টাকা ৪.০০

২। **দৈনিক ভাতা ঃ**

| শ্রেণী | মূল বেতন | সাধারণ হার | ব্যয় বহুল স্থানের অর্থাৎ ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, গাজীপুর এবং সিলেট শহরের জন্য। |
|---|---|---|---|
| ক-শ্রেণী | (১) ৪০,০০০ টাকা নির্ধারিত ও তদূর্ধ্ব | ১০০০ টাকা | |
| | (২) ৩৫০০১-৩৯৯৯৯ টাকা পর্যন্ত | ৮৭৫ টাকা | |
| | (৩) ২৫০০১-৩৫০০০ টাকা পর্যন্ত | ৭৫০ টাকা | |
| | (৪) ১৫০০১-২৫০০০ টাকা পর্যন্ত | ৬২৫ টাকা | |
| | (৫) ১১০০০-১৫০০০ টাকা পর্যন্ত | ৫০০ টাকা | |
| খ-শ্রেণী | (১) ১৫০০০ টাকার কম মূল বেতন গ্রহণকারী সকল ২য় শ্রেণীর কর্মকর্তা। | ৩৫০ টাকা | সাধারণ হারের অতিরিক্ত ৩০% |
| | (২) ৮০০০ টাকা বা তদূর্ধ্ব মূল বেতন গ্রহণকারী সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী। | ৩০০ টাকা | |
| গ-শ্রেণী | খ ও ঘ শ্রেণী ব্যতিরেকে সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী। | ২৫০ টাকা | |
| ঘ-শ্রেণী | ঘ-শ্রেণীভুক্ত সরকারি কর্মচারী | ২০০ টাকা | |

৩। **পথ ভাড়া ভাতা (Mileage Allowance) ঃ**

ভ্রমণের দূরত্ব নির্বিশেষে সড়ক পথে ভ্রমণের জন্য নিম্নোক্ত হার প্রযোজ্য হবে ঃ

| ক্রমিক নং | শ্রেণী | টাকা/কিলোমিটার |
|---|---|---|
| ১ | ক-শ্রেণী | ২.৫০ |
| ২ | খ-শ্রেণী | ২.০০ |
| ৩ | গ-শ্রেণী | ১.৫০ |
| ৪ | ঘ-শ্রেণী | ১.০০ |

৪। **পথ ভাড়া ভাতা (Mileage Allowance) নির্ণয়ের জন্য শ্রেণী প্রাপ্যতা ঃ**

| ক্রমিক নং | ভ্রমণের ধরন | শ্রেণী | প্রাপ্যতা | পথ ভাড়া ভাতার হার (Mileage Allowance) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | রেলপথ ভ্রমণ | ক-শ্রেণীভুক্ত টাকা ২২,২৫০-৩১,২৫০ (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব বেতন স্কেলভুক্ত প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাগণ। | শীতাতপ নিয়ন্ত্রিত প্রথম শ্রেণী। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী না থাকলে প্রথম শ্রেণী। | (১) বদলী ব্যতীত শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীতে ভ্রমণের জন্য পথ ভাড়া উক্ত শ্রেণীর ভাড়ার দেড় গুণ হবে। (২) বদলী এবং শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীর ভ্রমণ ব্যতীত, সকল শ্রেণীর সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ যে শ্রেণীতে ভ্রমণের অধিকারী, সে শ্রেণীতে ভ্রমণ করলে, পথ ভাড়া উক্ত শ্রেণীর ভাড়ার ১.৮ গুণ হবে। |
| | | ক-শ্রেণীভুক্ত অন্যান্য কর্মকর্তা | প্রথম শ্রেণী | |
| | | খ-শ্রেণীর সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ। | দ্বিতীয়/শোভন/ সুলভ শ্রেণী। | |
| | | গ-শ্রেণীর সকল সরকারি কর্মচারীর ট্রেনে দু'টি শ্রেণী থাকলে নিম্নতম শ্রেণী। তিনটি শ্রেণী থাকলে, যাদের মূল বেতন মাসিক ৫২০০ টাকা এবং তদূর্ধ্ব তারা মধ্যম (Middle) শ্রেণী এবং যাদের মূল বেতন মাসিক ৫২০০ টাকার কম তারা নিম্নতম শ্রেণী। | নিম্নতম শ্রেণী | |
| | | ঘ-শ্রেণীর সরকারি সকল কর্মচারী | নিম্নতম শ্রেণী | |
| ২ | সমুদ্র বা নদীপথে স্টীমার/জাহাজ, লঞ্চে ভ্রমণ। | ক-শ্রেণীভুক্ত টাকা ২২,২৫০-৩১,২৫০ (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব বেতন স্কেলভুক্ত প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাগণ। | শীতাতপ নিয়ন্ত্রিত প্রথম শ্রেণী। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী না থাকলে প্রথম শ্রেণী। | |
| | | ক-শ্রেণীভুক্ত অন্যান্য কর্মকর্তা | প্রথম শ্রেণী | |
| | | খ-শ্রেণীর সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ। | দ্বিতীয়/শোভন/ সুলভ শ্রেণী। | |
| | | গ-শ্রেণীর সকল সরকারি কর্মচারীগণ দু'টি শ্রেণী থাকলে নিম্নতম শ্রেণী। তিনটি শ্রেণী থাকলে, মধ্যম (Middle) শ্রেণী। চারটি শ্রেণী থাকলে, নিম্নতম শ্রেণীর অব্যবহিত উচ্চতর শ্রেণী। | নিম্নতম শ্রেণী | |
| | | ঘ-শ্রেণীর সরকারি সকল কর্মচারী | নিম্নতম শ্রেণী | |
| ৩ | বাসে ভ্রমণ | সকল প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা | শীতাতপ নিয়ন্ত্রিত আসন। | বাসে ভ্রমণের জন্য পথ ভাড়া উক্ত শ্রেণীর ভাড়ার দ্বিগুণ হবে। |
| | | অন্যান্য সকল সরকারি কর্মকর্তা-কর্মচারী। | শীতাতপ নিয়ন্ত্রণ বিহীন আসন। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪) | বিমানে ভ্রমণ ঃ (বাংলাদেশের অভ্যন্তরে) | ১. ক-শ্রেণীভুক্ত টাকা ২২,২৫০-৩১,২৫০ (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব বেতন স্কেলভুক্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ।<br>২. ব্যক্তিগত কর্মকর্তা-কর্মচারীগণ (রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং মন্ত্রীগণের সফর সংগী হিসেবে)।<br>৩. বিশেষ ক্ষেত্রে অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণকেও বিমানে ভ্রমণের অনুমতি প্রদান করা যেতে পারে। তবে এরূপ প্রত্যেকটি ভ্রমণের ক্ষেত্রে, ন্যূনপক্ষে মন্ত্রণালয়/ বিভাগের সচিব-এর অনুমোদন গ্রহণ করতে হবে এবং এর অনুলিপি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | Economy Class | (১) অভ্যন্তরীণ রুটে বিমানে ভ্রমণের ক্ষেত্রে আনুষঙ্গিক খরচ বাবদ বিমান ভাড়ার ২০% প্রাপ্য হবেন তাছাড়া আগমনের দিন অর্ধ হারে এবং পরবর্তী দিন প্রস্থানের জন্য অর্ধ হারে দৈনিক ভাতা প্রাপ্য হবেন।<br>(২) বিমান টিকেটের ক্ষেত্রে বিমান বন্দরে পরিশোধিত যাবতীয় ট্যাক্স/ফিস প্রাপ্য হবেন।<br>(৩) বিমানে ভ্রমণের ক্ষেত্রে প্রাধিকার বলতে ৫ম গ্রেডভুক্ত পদধারী ও তদূর্ধ্ব কর্মকর্তাগণকে বুঝাবে। |

৫। **বদলীজনিত ভ্রমণ ভাতা ঃ**

(ক) বদলীজনিত ভ্রমণের ক্ষেত্রে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ নিম্নবর্ণিত সুবিধা প্রাপ্য হবেন ঃ—

| ক্রমিক নং | ভ্রমণের ধরন | প্রাপ্যতা |
|---|---|---|
| ১ | ট্রেন/স্টীমার/লঞ্চ/জাহাজে ভ্রমণ | (১) নিজের জন্য প্রাপ্য শ্রেণীর তিনটি ভাড়া।<br>(২) পরিবারের প্রত্যেক সহগামী সদস্যের জন্য একটি পূর্ণ ভাড়া (স্ত্রীসহ সর্বোচ্চ তিনজন)। |
| ২ | সড়ক পথে ভ্রমণ | (১) নিজের জন্য প্রাপ্য শ্রেণীর দু'টি ভাড়া।<br>(২) পরিবারের প্রত্যেক সহগামী সদস্যের জন্য একটি পূর্ণ ভাড়া (স্ত্রীসহ সর্বোচ্চ তিনজন)। |
| ৩ | বিমানে ভ্রমণ | (১) নিজের জন্য প্রাধিকার অনুযায়ী একটি ভাড়া। |

(খ) সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের বদলীর সময়ে পরিবহনের জন্য নিজস্ব মালামালের (Personal effects) পরিমাণ এবং প্যাকিং চার্জের প্রাপ্যতা নিম্নরূপ ঃ-

| শ্রেণী | একাকী ভ্রমণের ক্ষেত্রে (কিলোগ্রাম) | সপরিবারে ভ্রমণের ক্ষেত্রে (কিলোগ্রাম) | প্যাকিং চার্জ হার (টাকায়) |
|---|---|---|---|
| ক-শ্রেণী | ১৫০০ | ২৩০০ | ১৫০০ |
| খ-শ্রেণী | ৮০০ | ১২০০ | ১০০০ |
| গ-শ্রেণী | ৫০০ | ৭০০ | ৫০০ |
| ঘ-শ্রেণী | ২০০ | ৩০০ | ২০০ |

সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ বদলিজনিত মালামাল পরিবহনের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিলোমিটার পরিবহনের জন্য প্রতি ১০০ কেজি ভাড়া বাবদ ২.০০ টাকা প্রাপ্য হবেন।

৬। এ প্রজ্ঞাপন জারির পরিপ্রেক্ষিতে ইতোপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত অন্যান্য আদেশসমূহ অনুরূপভাবে পরিবর্তিত/সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

৭। জনস্বার্থে জারিকৃত এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ ইমদাদুল হক**
অতিরিক্ত সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ শাখা

০৪ বৈশাখ, ১৪১৯ বঃ
পত্র নং-০৫ . ০০ . ০০০০ . ১১৫ . ১৬ . ০১০ . ১২-২৯১ (৬৪) তারিখঃ---------------------
১৭ এপ্রিল, ২০১২ খ্রিঃ

## অফিস আদেশ

সরকার এ মন্ত্রণালয়ের ২৭-০৭-০৩ খ্রিঃ তারিখের নং-সম/(প্র-৪)-সাঃ হাঃ-৬/২০০৩-৭৮২(৭০) সংখ্যক স্মারক সংশোধন করে জেলা পর্যায়ে অবস্থিত সার্কিট হাউসের কক্ষের ভাড়া নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করলেন ঃ

| ক্রমিক নং | যাদের জন্য প্রযোজ্য | অবস্থান কাল | দৈনিক ভাড়ার হার (দুপুর ১২.০০টা হতে পরদিন ১১.৫৯ পর্যন্ত) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ১ শয্যা বিশিষ্ট কক্ষ (নন এসি) | ১ শয্যা বিশিষ্ট কক্ষ (এসি) | ২ শয্যা বিশিষ্ট কক্ষ (নন এসি) | ২ শয্যা বিশিষ্ট কক্ষ (এসি) |
| ১. | সরকারি কর্মকর্তা/ অবসর প্রাপ্ত সরকারি কর্মকর্তা | ১ - ৩ দিন পর্যন্ত | ৫০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৬৫/-টাকা) | ৭০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৯০/- টাকা) | ৯০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ১২০/- টাকা) | ১৩০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ১৭০/- টাকা) |
| | | ৪ - ৭ দিন পর্যন্ত | ৭০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৯০/- টাকা) | ৯০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ১২০/- টাকা) | ১৩০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ১৭০/- টাকা) | ১৮০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ২৪০/-টাকা) |
| | | ৭ দিনের উর্ধ্বে | ২০০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ২৬৫/- টাকা) | ৩০০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৪০০/- টাকা) | ৪০০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৫৩০/- টাকা) | ৫০০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৬৬৫/-টাকা) |
| ২. | সংবিধিবদ্ধ সংস্থা/ সেক্টর কর্পোরেশন / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা | ১- ৩ দিন পর্যন্ত | ৬০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৮০/- টাকা) | ৯০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ১২০/- টাকা) | ১১০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ১৪৫/- টাকা) | ১৬০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ২১০/- টাকা) |
| | | ৪ - ৭ দিন পর্যন্ত | ৯০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ১২০/- টাকা) | ১৩০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ১৭০/- টাকা) | ১৬০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ২১০/- টাকা) | ২৪০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৩২০/-টাকা) |
| | | ৭ দিনের উর্ধ্বে | ২৫০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৩৩০/- টাকা) | ৩৫০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৪৬৫/- টাকা) | ৪৪০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৫৮৫/- টাকা) | ৬৪০/- টাকা (ব্যয়বহুল শহরের জন্য ৮৫০/-টাকা) |
| ৩. | বেসরকারি ব্যক্তিবর্গ / কর্মকর্তা | থাকার সময় নির্বিশেষে | ৫০০/- টাকা | ৭০০/- টাকা | ১০০০/- টাকা | ১৪০০/- টাকা |

২. অর্থ বিভাগের ০২.১০.১১ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০১১.১১-২০০ অনুযায়ী ব্যয়বহুল শহর হিসেবে ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, গাজীপুর ও সিলেট গণ্য হবে।

৩. পুনঃনির্ধারিত এ ভাড়ার হার অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ ওয়াহিদুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫১৪৪৮৯

বিতরণঃ

**জেলা প্রশাসক, --------------------- (সকল)।**

০৪ বৈশাখ, ১৪১৯ বঃ

পত্র নং-০৫ . ০০ . ০০০০ . ১১৫ . ১৬ . ০১০ . ১২-২৯১( ৭০ ) তারিখঃ---------------------

১৭ এপ্রিল, ২০১২ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২. সিনিয়র সচিব, -------------------------------------------মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৩. সচিব, ----------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৪. বিভাগীয় কমিশনার, ------------------------------------ (সকল)।

৫. হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, সচিবালয় ভবন (৩য় ফেজ), ঢাকা-১০০০।

৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (আদেশটি গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

৭. প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।

৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

৯. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।

১৭.৪.১২

(মোঃ ওয়াহিদুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থ বিভাগ**

**(বাস্তবায়ন অনুবিভাগ)**

**আদেশ**

তারিখ: ০১ পৌষ ১৪২২ বঙ্গাব্দ/ ১৫ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ।

**এস. আর. ও নং ৩৬৯-আইন/২০১৫।**—Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

১। **শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।**—(১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) এই আদেশ, উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জুলাই ২০১৫ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ১ জুলাই ২০১৫ তারিখে এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতনস্কেল, ২০১৫ কার্যকর হইবে, যথা:-

(ক) অনুচ্ছেদ ৫ এর বিধান অনুযায়ী ১ জুলাই ২০১৫ তারিখে বেতন নির্ধারণ হইবে এবং এইরূপ নির্ধারিত বেতন ১ জুলাই ২০১৫ তারিখ হইতে প্রদান করা হইবে;

(খ) কর্মচারীগণ ১ জুলাই ২০১৫ তারিখ হইতে এই আদেশ জারির তারিখ পর্যন্ত সময়ের বেতন বকেয়া হিসাবে প্রাপ্য হইবেন;

(গ) এই আদেশের অধীন প্রদেয় অন্যান্য সকল ভাতা ৩০ জুন ২০১৫ তারিখে প্রাপ্য অংকে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে;


মূল্য ঃ টাকা ১৬.০০

(ঘ) জাতীয় বেতনস্কেল, ২০১৫ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘ ভাতা বিলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জুলাই ২০১৫ তারিখ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা দফা (খ) এর অধীন প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

(ঙ) দফা (ঘ) তে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, ১ জুলাই ২০১৫ তারিখ হইতে যে সকল কর্মচারী অবসরোত্তর (পিআরএল) ছুটিতে আছেন তাহারা অবসরোত্তর ছুটিতে থাকিবার সময়ে ৩০ জুন ২০১৫ তারিখে আহরিত মহার্ঘভাতা পাইতে থাকিবেন।

**ব্যাখ্যা**।-দফা (ঙ) এর উদ্দেশ্য পূরণকল্পে, যে কর্মচারী ১ জুলাই ২০১৫ তারিখে অবসরোত্তর ছুটিতে আছেন তিনি ৩০ জুন ২০১৫ তারিখে যে হারে মহার্ঘভাতা পাইতেন সেই হারে অবসরোত্তর ছুটি শেষ না হওয়া পর্যন্ত প্রাপ্য হইবেন।

(৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তি, কর্মচারী ও শ্রমিক ব্যতীত প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

(ক) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে নিয়োজিত ব্যক্তিবর্গ;

(খ) যে সকল বেসামরিক কর্মচারীকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত কর্মচারীগণ;

(গ) পুলিশ বাহিনী এবং বর্ডার গার্ড বাংলাদেশ এ নিয়োজিত কর্মচারীগণ;

(ঘ) পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকরির শর্তাবলী) আইন, ২০১২ (২০১২ সনের ২৪ নং আইন) এর ধারা ২ এর দফা (ঘ) তে সংজ্ঞায়িত শ্রমিক;

(ঙ) শিক্ষানবিস (apprentice) অথবা প্রশিক্ষণার্থী (trainee) হিসাবে অথবা আউট সোর্সিং এর মাধ্যমে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

(চ) চুক্তি অথবা খণ্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

(৫) উপ-অনুচ্ছেদ ৪ এর দফা (চ) এবং অন্য কোন বিধি-বিধান বা চুক্তিতে যাহা কিছুই থাকুক না কেন, এই আদেশ কার্যকর হইবার তারিখে যে অবসরপ্রাপ্ত কর্মচারীর অবসর-উত্তর ছুটি অব্যাহত থাকিত, যদি না অবসর-উত্তর ছুটি বাতিলের শর্তে তাহাকে, জনস্বার্থে, প্রজাতন্ত্রের কর্মে চুক্তিভিত্তিক বা অন্য কোনভাবে নিয়োগ করা হইত, সেই কর্মচারী এই আদেশের অধীন প্রদেয় অবসর সুবিধাদি প্রাপ্য হইবেন।

২। **সংজ্ঞা**।-বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আদেশে-

(ক) "জাতীয় বেতনস্কেল, ২০১৫" অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতনস্কেল;

(খ) "বর্তমান বেতন" অর্থ ৩০ জুন ২০১৫ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতনসহ সরকার কর্তৃক, সময় সময়, জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন বা ভাতা, যদি থাকে;

(গ) "বর্তমান বেতনস্কেল" অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর অধীন জাতীয় বেতনস্কেল;

(ঘ) "মূল স্কেল", "সিলেকশন গ্রেড স্কেল", "সিনিয়র স্কেল" বা "উচ্চতর স্কেল (টাইম স্কেল)" অর্থ বর্তমান বেতনস্কেলে, যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম স্কেল)।

৩। **জাতীয় বেতনস্কেল, ২০১৫**।-(১) ১ জুলাই ২০১৫ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতনস্কেল বিলুপ্ত হইবে, এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতনস্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding Scale) কার্যকর হইবে, যথা:-

| গ্রেড | **জাতীয় বেতনস্কেল, ২০০৯**<br>(বর্তমান বেতনস্কেল) | **জাতীয় বেতনস্কেল, ২০১৫**<br>(১ জুলাই ২০১৫ হইতে কার্যকর অনুরূপ স্কেল) |
|---|---|---|
| ১. | টাকা ৪০০০০ (নির্ধারিত) | টাকা ৭৮০০০ (নির্ধারিত) |
| ২. | টাকা ৩৩৫০০-১২০০×৫-৩৯৫০০ | টাকা ৬৬০০০-৬৮৪৮০- ৭১০৫০-৭৩৭২০-৭৬৪৯০ |
| ৩. | টাকা ২৯০০০-১১০০×৬-৩৫৬০০ | টাকা ৫৬৫০০-৫৮৭৬০-৬১১২০-৬৩৫৭০-৬৬১২০-৬৮৭৭০-৭১৫৩০-৭৪৪০০ |
| ৪. | টাকা ২৫৭৫০-১০০০×৮-৩৩৭৫০ | টাকা ৫০০০০-৫২০০০-৫৪০৮০-৫৬২৫০-৫৮৫০০-৬০৮৪০-৬৩২৮০-৬৫৮২০-৬৮৪৬০-৭১২০০ |
| ৫. | টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০ | টাকা ৪৩০০০-৪৪৯৪০-৪৬৯৭০-৪৯০৯০-৫১৩০০-৫৩৬১০-৫৬০৩০-৫৮৫৬০-৬১২০০-৬৩৯৬০-৬৬৮৪০-৬৯৮৫০ |
| ৬. | টাকা ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ | টাকা ৩৫৫০০-৩৭২৮০-৩৯১৫০-৪১১১০-৪৩১৭০-৪৫৩৩০-৪৭৬০০-৪৯৯৮০-৫২৪৮০-৫৫১১০-৫৭৮৭০-৬০৭৭০-৬৩৮১০-৬৭০১০ |
| ৭. | টাকা ১৫০০০-৭০০×১৬-২৬২০০ | টাকা ২৯০০০-৩০৪৫০-৩১৯৮০-৩৩৫৮০-৩৫২৬০-৩৭০৩০-৩৮৮৯০-৪০৮৪০-৪২৮৯০-৪৫০৪০-৪৭৩০০-৪৯৬৭০-৫২১৬০-৫৪৭৭০-৫৭৫১০-৬০৩৯০-৬৩৪১০ |
| ৮. | টাকা ১২০০০-৬০০×১৬-২১৬০০ | টাকা ২৩০০০-২৪১৫০-২৫৩৬০-২৬৬৩০-২৭৯৭০-২৯৩৭০-৩০৮৪০-৩২৩৯০-৩৪০১০-৩৫৭২০-৩৭৫১০-৩৯৩৯০-৪১৩৬০-৪৩৪৩০-৪৫৬১০-৪৭৯০০- ৫০৩০০- ৫২৮২০-৫৫৪৭০ |
| ৯. | টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ | টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ |
| ১০. | টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ | টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ |
| ১১. | টাকা ৬৪০০-৪১৫×৭-৯৩০৫-ইবি-৪৫০×১১-১৪২৫৫ | টাকা ১২৫০০-১৩১৩০-১৩৭৯০-১৪৪৮০-১৫২১০-১৫৯৮০-১৬৭৮০-১৭৬২০-১৮৫১০-১৯৪৪০-২০৪২০-২১৪৫০-২২৫৩০-২৩৬৬০-২৪৮৫০-২৬১০০-২৭৪১০-২৮৭৯০-৩০২৩০ |

| গ্রেড | **জাতীয় বেতনস্কেল, ২০০৯**<br>(বর্তমান বেতনস্কেল) | **জাতীয় বেতনস্কেল, ২০১৫**<br>(১ জুলাই ২০১৫ হইতে কার্যকর অনুরূপ স্কেল) |
|---|---|---|
| ১২. | টাকা ৫৯০০-৩৮০×৭-৮৫৬০-ইবি-৪১৫×১১-১৩১২৫ | টাকা ১১৩০০-১১৮৭০-১২৪৭০-১৩১০০-১৩৭৬০-১৪৪৫০-১৫১৮০-১৫৯৪০-১৬৭৪০-১৭৫৮০-১৮৪৬০-১৯৩৯০-২০৩৬০-২১৩৮০-২২৪৫০- ২৩৫৮০-২৪৭৬০-২৬০০০-২৭৩০০ |
| ১৩. | টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২১৫৫ | টাকা ১১০০০-১১৫৫০-১২১৩০-১২৭৪০-১৩৩৮০-১৪০৫০-১৪৭৬০-১৫৫০০-১৬২৮০-১৭১০০-১৭৯৬০-১৮৮৬০-১৯৮১০-২০৮১০-২১৮৬০-২২৯৬০-২৪১১০-২৫৩২০-২৬৫৯০ |
| ১৪. | টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ | টাকা ১০২০০-১০৭১০-১১২৫০-১১৮২০-১২৪২০-১৩০৫০-১৩৭১০-১৪৪০০-১৫১২০-১৫৮৮০-১৬৬৮০-১৭৫২০-১৮৪০০-১৯৩২০-২০২৯০-২১৩১০- ২২৩৮০- ২৩৫০০-২৪৬৮০ |
| ১৫. | টাকা ৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০ | টাকা ৯৭০০-১০১৯০-১০৭০০-১১২৪০-১১৮১০-১২৪১০-১৩০৪০-১৩৭০০-১৪৩৯০-১৫১১০-১৫৮৭০-১৬৬৭০-১৭৫১০-১৮৩৯০-১৯৩১০-২০২৮০-২১৩০০-২২৩৭০-২৩৪৯০ |
| ১৬. | টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ | টাকা ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০ |
| ১৭. | টাকা ৪৫০০-২৪০×৭-৬১৮০-ইবি-২৬৫×১১-৯১৫৫ | টাকা ৯০০০-৯৪৫০-৯৯৩০-১০৪৩০-১০৯৬০-১১৫১০-১২০৯০-১২৭০০-১৩৩৪০-১৪০১০-১৪৭২০-১৫৪৬০-১৬২৪০-১৭০৬০-১৭৯২০-১৮৮২০-১৯৭৭০- ২০৭৬০ -২১৮০০ |
| ১৮. | টাকা ৪৪০০-২২০×৭-৫৯৪০-ইবি-২৪০×১১-৮৫৮০ | টাকা ৮৮০০-৯২৪০-৯৭১০-১০২০০-১০৭১০-১১২৫০-১১৮২০-১২৪২০-১৩০৫০-১৩৭১০-১৪৪০০-১৫১২০-১৫৮৮০-১৬৬৮০-১৭৫২০-১৮৪০০-১৯৩২০-২০২৯০-২১৩১০ |
| ১৯. | টাকা ৪২৫০-২১০×৭-৫৭২০-ইবি-২২০×১১-৮১৪০ | টাকা ৮৫০০-৮৯৩০-৯৩৮০-৯৮৫০-১০৩৫০-১০৮৭০-১১৪২০-১২০০০-১২৬০০-১৩২৩০-১৩৯০০-১৪৬০০-১৫৩৩০-১৬১০০-১৬৯১০-১৭৭৬০-১৮৬৫০-১৯৫৯০-২০৫৭০ |
| ২০. | টাকা ৪১০০-১৯০×৭-৫৪৩০-ইবি-২১০×১১-৭৭৪০ | টাকা ৮২৫০-৮৬৭০-৯১১০-৯৫৭০-১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮১৪০-১৯০৫০-২০০১০ |

(২) উপ-অনুচ্ছেদ (১) এ যাহা কিছুই থাকুক না কেন, মন্ত্রিপরিষদ সচিব, মুখ্য সচিব ও সমমর্যাদার পদের বেতন হইবে ৮৬০০০ টাকা (নির্ধারিত) এবং সিনিয়র সচিব ও সমমর্যাদার পদের বেতন হইবে ৮২০০০ টাকা (নির্ধারিত)।

৪। **জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর প্রাপ্যতা**।-৩০ জুন ২০১৫ তারিখে বা উহার পূর্বে কোন কর্মচারী সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জুলাই ২০১৫ তারিখ হইতে অনুচ্ছেদ ৩(১) এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতনস্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর অনুরূপ স্কেল প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যিনি এই আদেশ সরকারি গেজেটে প্রকাশের তারিখের পূর্বদিন পর্যন্ত (অর্থাৎ ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) উচ্চতর স্কেল (টাইম স্কেল বা সিলেকশন গ্রেড স্কেল) পাইবার অধিকারী, তিনি চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর আদেশের অনুচ্ছেদ ৬ ও ৭ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা প্রাপ্য হইবেন।

৫। **জাতীয় বেতনস্কেল, ২০১৫ এ বেতন নির্ধারণ**।-যে কর্মচারী বর্তমান বেতনস্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতনস্কেলের অনুরূপ জাতীয় বেতনস্কেল, ২০১৫ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নবর্ণিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

(ক) বর্তমান বেতনস্কেলের (বিদ্যমান স্কেল) প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন কর্মচারীর বেতন জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

(খ) যদি কোন কর্মচারীর মূল বেতন, বর্তমান বেতনস্কেলের সংশ্লিষ্ট স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমত উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে, ইহার পর নির্ণিত পার্থক্য অনুরূপ স্কেলের (জাতীয় বেতনস্কেল, ২০১৫) প্রারম্ভিক ধাপের সহিত যোগ করিতে হইবে এবং এই যোগফল যদি-

(অ) অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে;

(আ) অনুরূপ স্কেলে ঐ অঙ্কের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে;

**উদাহরণ ১:**

৩০-০৬-২০১৫ তারিখে একজন কর্মচারী ৪৭০০-২৬৫ × ৭-৬৫৫৫ -ইবি- ২৯০ × ১১-৯৭৪৫ টাকার বর্তমান বেতনস্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ৪৭০০ টাকা মূল বেতন পাইতেন। এইক্ষেত্রে ০১-০৭-২০১৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৯৩০০-২২৪৯০ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৯৩০০ টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

**উদাহরণ ২:**

৩০-০৬-২০১৫ তারিখে একজন কর্মচারীর মূল বেতন বর্তমানে ৬৪০০-৪১৫×৭-৯৩০৫-ইবি-৪৫০×১১-১৪২৫৫ টাকার স্কেলে ৭২৩০ টাকা। এইক্ষেত্রে ১-৭-২০১৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ১২৫০০-৩০২৩০ টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ১৩৭৯০ টাকা।

ব্যাখ্যা।- বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ৭২৩০-৬৪০০=৮৩০ টাকা। অতএব, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ৮৩০ টাকা অর্থাৎ (১২৫০০+৮৩০)= ১৩৩৩০ টাকায় বেতন নির্ধারিত হইবে। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে অর্থাৎ ১৩৭৯০ টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে।

(গ) যে সকল কর্মচারীর বেতন অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (২) এর অধীন টাকা ৮৬০০০ ও ৮২০০০ এবং উপ-অনুচেছদ (১) এর অধীন ৭৮০০০ নির্ধারিত তাঁহাদের ক্ষেত্রে দফা (ক) ও (খ) প্রযোজ্য হইবে না;

(ঘ) যদি কোন কর্মচারীর বর্তমান বেতন, জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর অনুরূপ স্কেলের সর্বোচ্চ সীমার ঊর্ধ্বে হয়, তাহা হইলে নতুন জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর অনুরূপ স্কেলের সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর অনুরূপ স্কেলের সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসেবে প্রদান করা হইবে;

(ঙ) ১ জুলাই ২০১৫ তারিখে যাঁহারা উচ্চতর বেতনস্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন প্রথমে নিম্নপদে নির্ধারণের পর পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়মানুযায়ী নির্ধারণ করা হইবে;

(চ) যে কর্মচারী প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিসে অথবা প্রতিষ্ঠানে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(ছ) যে কর্মচারী ১ জুলাই ২০১৫ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতনস্কেলে সেই কর্মচারীর বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না;

(জ) যে কর্মচারী ১ জুলাই ২০১৫ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সে কর্মচারী পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতনস্কেল, ২০১৫ এ নির্ধারণ করা হইবে না; এইরূপ পুনর্বহালকৃত কর্মচারীর বেতন ৩০ জুন ২০১৫ তারিখে প্রথমত বর্তমান বেতনস্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে;

(ঝ) ১ জুলাই ২০১৫ তারিখে যে সকল কর্মচারী অবসরোত্তর ছুটিতে রহিয়াছেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন, দফা (ঞ) এর বিধান সাপেক্ষে, জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে; এইরূপ ক্ষেত্রে অবসরোত্তর ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বর্ধিত বেতনের তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরোত্তর ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতনস্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন;

(ঞ) ৩০ জুন ২০১৫ তারিখে যে কর্মচারীর অবসরোত্তর ছুটি শেষ হইবে অর্থাৎ যিনি ১ জুলাই ২০১৫ তারিখে অবসরে যাইবেন, তিনি ১ জুলাই ২০১৫ তারিখে কার্যকর জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

৬। **সিলেকশন গ্রেড স্কেল ও উচ্চতর স্কেল (টাইম স্কেল) এর বিলোপ**।-চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ গেজেটে প্রকাশের তারিখ (অর্থাৎ ১৫ ডিসেম্বর, ২০১৫) হইতে সিলেকশন গ্রেড স্কেল ও উচ্চতর স্কেল (টাইম স্কেল) বা কোন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছাইবার ১ (এক) বৎসর পর পরবর্তী উচ্চতর বা টাইম স্কেল প্রদান সংক্রান্ত বিধানাবলি বিলুপ্ত হইবে ।

৭। **উচ্চতর গ্রেডের প্রাপ্যতা** ।-(১) কোন স্থায়ী কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বৎসর পূর্তিতে এবং চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, স্বয়ংক্রিয়ভাবে ১১তম বৎসরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন।

(২) কোন স্থায়ী কর্মচারী তাহার চাকরির ১০ (দশ) বৎসর পূর্তিতে উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির পর পরবর্তী ৬ (ছয়) বৎসরে পদোন্নতি প্রাপ্ত না হইলে ৭ম বৎসরে চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন।

(৩) উপ-অনুচ্ছেদ (১) ও (২) এ উল্লিখিত আর্থিক সুবিধা বেতনস্কেলের ৪র্থ গ্রেড পর্যন্ত প্রযোজ্য হইবে এবং ৪র্থ গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের কোন কর্মচারী এই সুবিধা গ্রহণপূর্বক এই আদেশের অধীন ৩য় গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডে বেতন প্রাপ্য হইবেন না।

(৪) কোন কর্মচারী দুই বা ততোধিক সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল (টাইম স্কেল) বা কোন স্কেলের সর্বোচ্চসীমায় পৌঁছাইবার ১ (এক) বৎসর পর পরবর্তী উচ্চতর স্কেল প্রাপ্ত হইয়াছেন তিনি এই অনুচ্ছেদের অধীন উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন না।

৮। **কর্মচারীদের গ্রেড ভিত্তিক পরিচিতি**।-আপাতত বলবৎ এতদসংক্রান্ত অন্য কোন বিধি-বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কর্মচারীগণ ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণিতে বিভাজনের বিদ্যমান ব্যবস্থার পরিবর্তে বেতনস্কেলের গ্রেডভিত্তিক পরিচিত হইবেন।

৯। **পেনশন ও গ্র্যাচুইটি এবং সাধারণ ভবিষ্য তহবিল**।-পেনশন ও গ্র্যাচুইটি এবং সাধারণ ভবিষ্য তহবিল সংক্রান্ত বিষয়ে যথাক্রমে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪/১০/২০১৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ নং স্মারক এবং General Provident Fund Rules, 1979 এর বিধানাবলি (সর্বশেষ সংশোধিত) অনুসরণীয় হইবে।

১০। **অবসরভোগীদের পেনশন, গ্র্যাচুইটি ও ছুটি নগদায়ন।-(১)** অবসরভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগী কর্মচারীগণ নিম্নরূপে পেনশন ও গ্র্যাচুইটি প্রাপ্য হইবেন, যথা:-

(ক) পেনশন, সমর্পণ ও গ্র্যাচুইটির বিদ্যমান হার অপরিবর্তিত থাকিবে;

(খ) মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগী ৬৫ বৎসর উর্ধ্ব পেনশনভোগীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে;

(গ) বেতনস্কেল, ২০১৫ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘভাতা (নীট পেনশনের ২০%) বিলুপ্ত হইবে;

(ঘ) অবসরভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগীদের নীট পেনশনের পরিমাণ হইবে সর্বনিম্ন ৩০০০ (তিন হাজার) টাকা;

(ঙ) ১ জুলাই ২০১৫ তারিখ হইতে কর্মরত কোন কর্মচারী (স্বামী/ স্ত্রী) মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, পেনশন, আনুতোষিক ও ভাতাদি প্রাপ্য হইবেন।

(২) বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মচারী ছুটি পাওনা সাপেক্ষে-

(ক) ১২ (বারো) মাস পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি ভোগের সুবিধা পাইবেন; এবং

(খ) ১৮ (আঠারো) মাস ছুটি নগদায়নের সুবিধা ভোগ করিবেন।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন প্রাপ্য সুবিধা ১ জুলাই ২০১৫ তারিখের পূর্বে প্রাপ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, ১ জুলাই ২০১৫ তারিখে বা উহার পর যে সকল কর্মচারী ইতোমধ্যে পিআরএল ভোগরত রহিয়াছেন তাঁহারাও পিআরএল ছুটি-পূর্ব মূল বেতনের ভিত্তিতে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠারো) মাস ছুটি নগদায়নের সুবিধা প্রাপ্য হইবেন।

**১১। বেতন নির্ধারণের পর বার্ষিক বেতনবৃদ্ধি (Increment)।**-(১) সকল কর্মচারীর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ হইবে প্রতি বৎসর ১ জুলাই অর্থাৎ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বেতন নির্ধারণের পর সকল কর্মচারীর পরবর্তী বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ হইবে ১ জুলাই ২০১৬:

তবে শর্ত থাকে যে, নতুন যোগদানকৃত কোন কর্মচারীর কোয়ালিফাইং চাকরির মেয়াদ ন্যূনতম ৬ (ছয়) মাস হইলে তিনি বার্ষিক বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন।

(২) ১ জুলাই ২০১৫ তারিখ হইতে চাকরি (বেতন ও ভাতদি) আদেশ, ২০১৫ গেজেটে প্রকাশের পূর্বদিন (অর্থাৎ ১৪ ডিসেম্বর ২০১৫) পর্যন্ত কোন কর্মচারীর বার্ষিক বেতনবৃদ্ধি প্রাপ্য হইলে তাহা প্রদেয় হইবে:

(৩) বার্ষিক বেতনবৃদ্ধির ক্ষেত্রে বর্তমানে প্রচলিত দক্ষতার সীমা [Efficiency Bar-(EB)] সংক্রান্ত বিধানাবলী বিলুপ্ত হইবে।

**১২। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।**-(১) ১ জুলাই ২০১৫ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারীকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতনস্কেল, ২০১৫ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (৩) এ বর্ণিত বিধান সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড) বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

(ক) একজন এম.বি.বি.এস ডিগ্রিধারী বা ব্যাচেলর অব আকির্টেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রিধারীকে ১ (এক) টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি এইরূপ ডিগ্রি সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

(খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং বা স্থাপত্যবিদ্যায় ডিগ্রি বা মাস্টার্স ডিগ্রিসহ সরকার কর্তৃক এতদুদ্দ্যেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রি রহিয়াছে, অথবা আইন বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি রহিয়াছে এবং যদি এইরূপ ডিগ্রি সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, সেই সকল কর্মচারীকে ২ (দুই)টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে;

(গ) কোন কর্মচারী যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি উক্ত লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে উক্ত কর্মচারী নিয়োগ লাভের সময় ১ (এক) টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।

(২) তদানিন্তন Education Department Memorandum Nos. SIV/ 830- Edn, dated 18th July, 1970, SIV/ 831-Edu. Dated 18th July, 1970, 832 Edn, dated 17th July, 1970 এবং 833-Edn., dated 17th July, 1970 অনুযায়ী উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, যাহা অগ্রিম বর্ধিত বেতন মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত, Ministry of Finance O.M. No. MF (ID) -1-3/ 77/ 522, Dated 13th May -1978, MF (ID) -II-/ P-1/ 81/ 457, Dated-16th April, 1981এবং MF (ID) -II-/ P-1/ 81/ 800, Dated 29th June, 1981 তে আরোপিত শর্তসমূহ, যাহা বেতনবৃদ্ধি মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত, এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২ জানুয়ারি, ১৯৯৪ তারিখের স্মারক নং-পার-৩/টি-৩/৯৩/৬১, যাহা বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রবেশ পদের কর্মচারীদের উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান সম্পর্কিত, বিধানাবলী বলবৎ থাকিবে।

(৩) ১ জুলাই ২০১৫ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারীর বেতন প্রথমে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত বেতনবৃদ্ধি (ইনক্রিমেন্ট) যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে।

(৪) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধি কেবল চাকরিতে প্রথম নিয়োগ লাভের সময় প্রাপ্য হইবেন এবং ইহা পরবর্তী পদোন্নতি প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(৫) জাতীয় বেতনস্কেল, ২০১৫ কার্যকর হইবার তারিখ হইতে বিসিএস ক্যাডারভুক্ত কর্মচারীদের প্রবেশ পদ জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৮ম গ্রেডে নির্ধারিত হইবে এবং ইতোমধ্যে ৯ম গ্রেডভুক্ত বিসিএস ক্যাডারভুক্ত কর্মচারীগণের বেতন বর্তমান বেতনস্কেলের অনুরূপ স্কেল অর্থাৎ ৯ম গ্রেডে নির্ধারণ করিতে হইবে এবং অত:পর ৮ম গ্রেডের সংশ্লিষ্ট ধাপের সহিত মিলাইয়া প্রচলিত নিয়মানুযায়ী বেতন নির্ধারণ করিতে হইবে।

**১৩। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।**-(১) কোন কর্মচারী কোন উচ্চতর পদে ও বেতনস্কেলে পদোন্নতি পাইলে অথবা তাঁহার পাওয়ার ক্ষেত্রে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

| জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর গ্রেড নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১. | টাকা ৭৮০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২. | টাকা ৬৬০০০-৭৬৪৯০ | ১৭ বৎসর |
| ৩. | টাকা ৫৬৫০০-৭৪৪০০ | ১৪ বৎসর |
| ৪. | টাকা ৫০০০০-৭১২০০ | ১২ বৎসর |
| ৫. | টাকা ৪৩০০০-৬৯৮৫০ | ১০ বৎসর |
| ৬. | টাকা ৩৫৫০০-৬৭০১০ | ৫ বৎসর |
| ৭. | টাকা ২৯০০০-৬৩৪১০ | ৪ বৎসর |

(২) উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত চাকরির মেয়াদ বলিতে কেবল ৯ম বা তদুর্ধ্ব গ্রেডে নিয়োজিত প্রকৃত চাকরির মেয়াদ বুঝাইবে।

**১৪। ভাতাদির প্রাপ্যতা** ।-(১) ১ জুলাই ২০১৬ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে বা ক্ষেত্রমত টাকার অংকে নির্ধারিত ভাতাদি প্রদেয় হইবে।

(২) ১ জুলাই ২০১৫ তারিখ হইতে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত সময়কালে নব-নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী প্রাপ্য বেতন আহরণ করিবেন এবং অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন ২০১৫ তারিখে নিয়োগপ্রাপ্ত হইলে যে হারে ভাতাদি প্রাপ্ত হইতেন সেই হারে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

(৩) অনুচ্ছেদ ৫ এর দফা (ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতনস্কেল, ২০১৫ কার্যকর হইবার তারিখ হইতে রহিত করা হইল।

**১৫। চিকিৎসাভাতা** ।-(১) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে তাহা যথারীতি বলবৎ থাকিবে এবং সকল কর্মচারী মাসিক ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা হারে চিকিৎসাভাতা প্রাপ্য হইবেন।

(২) ৬৫ বৎসর উর্ধ্ব অবসরভোগীগণ ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণের ক্ষেত্রে চিকিৎসাভাতা মাসিক ২৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা এবং অন্যান্য অবসরভোগীগণ ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণের ক্ষেত্রে মাসিক চিকিৎসাভাতা ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা হইবে।

**১৬। বাংলা নববর্ষভাতা।-(১)** সকল কর্মচারী আহরিত মূল বেতনের ২০% হারে বাংলা নববর্ষভাতা প্রাপ্য হইবেন।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাংলা নববর্ষভাতা ১৪২৩ বঙ্গাব্দ হইতে প্রবর্তিত হইবে।

(৩) মাসিক নীট পেনশনগ্রহণকারী অবসরভোগীগণ ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণও এই ভাতা প্রাপ্য হইবেন।

(৪) বাংলা নববর্ষভাতা পাইবার ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪/১০/২০১৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮ নং প্রজ্ঞাপন অনুসরণ করিতে হইবে।

**১৭। বাড়ি ভাড়াভাতা**।-(১) সকল কর্মচারী চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর বিধান মোতাবেক ৩০ জুন ২০১৫ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে বাড়ি ভাড়াভাতা পাইবেন।

(২) যে সকল কর্মচারী সরকারী বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়াভাতা প্রাপ্য হইবেন না।

(৩) আপাতত বলবৎ এতদসংক্রান্ত অন্য কোন বিধি-বিধানে যাহা কিছুই থাকুক না কেন, যে সকল কর্মচারী সরকারী বাসস্থানে বসবাস করেন, ১ জুলাই ২০১৫ হইতে তাহাদের মূল বেতনের ৫%-৭.৫% হারে বাড়ি ভাড়া কর্তনের বর্তমান বিধানাবলী রহিত করা হইল, এবং ১ জুলাই ২০১৫ হইতে ইতোমধ্যে কর্তনকৃত অর্থ সমন্বয়যোগ্য হইবে।

(৪) যে কর্মচারী সরকারী বিধি-বিধান অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকিবার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়িভাড়া প্রদান করিতে হইবে না, তবে তিনি বাড়ি ভাড়াভাতাও প্রাপ্য হইবেন না।

(৫) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারী বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক, বিমা বা আর্থিক প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারী বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ রহিয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ি ভাড়াভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) প্রচলিত বিধান মোতাবেক পূর্ববৎ বাড়ি ভাড়াভাতা প্রাপ্য হইবেন।

(৬) যে সকল কর্মচারীর নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি রহিয়াছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

ব্যাখ্যা।-এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে,-

(ক) যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কোন কর্মচারীকে কর্মস্থলে অথবা তৎসন্নিকটস্থ মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমেটরি বা ডাকবাংলোয় একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়াভাতা পাইবার অধিকারী হইবেন, তবে, উক্ত একক সীট বা একক কক্ষের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে;

(খ) সরকার কর্তৃক ঘোষিত বা নির্ধারিত কোন Improvised Accommodation (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, স্টিমার বা লঞ্চের বার্থ) এ যদি কর্মচারীকে বাসস্থানের ব্যবস্থা করা হয়, তাহা হইলে তাঁহাকে নির্ধারিত ভাড়া প্রদান করিতে হইবে, তবে, সংশ্লিষ্ট কর্মচারী বাড়ি ভাড়াভাতা পাইবার অধিকারী হইবেন।

(৭) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্মচারীগণ ১ জুলাই ২০১৬ তারিখ হইতে নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়াভাতা প্রাপ্য হইবেন, যথা:-

| মূল বেতন | মাসিক বাড়ি ভাড়াভাতার হার | | |
|---|---|---|---|
| | ঢাকা সিটি কর্পোরেশন এলাকার জন্য | চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজিপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ৯৭০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ৫৬০০ | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৫০০০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৪৫০০ |
| টাকা ৯৭০১ হইতে টাকা ১৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ৬৪০০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৫৪০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৪৮০০ |
| টাকা ১৬০০১ হইতে টাকা ৩৫৫০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৯৬০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৮০০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৭০০০ |
| টাকা ৩৫৫০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১৯৫০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১৬০০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ১৩৮০০ |

১৮। **ভ্রমণভাতা**।-ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে, তবে বদলিজনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিলোমিটার পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ২ (দুই) টাকা প্রদেয় হইবে এবং প্যাকিং চার্জ বাবদ বিদ্যমান টাকার অংক বলবৎ থাকিবে।

১৯। **উৎসবভাতা এবং শ্রান্তি ও বিনোদনভাতা**।-(১) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই ১৯৮৮ ও সরকার কর্তৃক, সময় সময় জারিকৃত এতদসংক্রান্ত অন্যান্য বিধানাবলী অনুসারে বার্ষিক উৎসবভাতা এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে; এই ভাতা একবার উত্তোলন করা হইলে পরবর্তীকালে বেতন নির্ধারণ জনিত (Pay Fixation) কারণে সংশ্লিষ্ট কর্মচারী কোন বকেয়া প্রাপ্য হইবেন না।

(২) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/২০০৪/৯৯, তারিখঃ ১০-০৩-১৪১৫ বঙ্গাব্দ/২৪-৬-২০০৮ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণের নীট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ২টি উৎসবভাতা বলবৎ থাকিবে।

(৩) ১০০% পেনশন সমর্পণকারীগণ, ১০০% পেনশন সমর্পণ না করিলে যে পরিমাণ মাসিক নীট পেনশন প্রাপ্য হইতেন উক্ত পরিমাণ, প্রতি অর্থ বৎসরে দুইটি উৎসবভাতা হিসাবে প্রাপ্য হইবেন; মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগীদের নীট পেনশনের হার যে প্রক্রিয়ায় বৃদ্ধি করা হয় অনুরূপভাবে ১০০% পেনশন সমর্পণকারীদের ক্ষেত্রেও শুধু উৎসবভাতা প্রাপ্তির জন্য নীট পেনশনের হার বৃদ্ধি পাইবে, তবে এইক্ষেত্রে ১০০% পেনশন সমর্পণকারীগণ কোন বকেয়া প্রাপ্য হইবেন না।

২০। **শিক্ষা সহায়কভাতা**।—**(১)** সকল কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০ (পাঁচ শত) টাকা হারে এবং অনধিক ২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০ (এক হাজার) টাকা শিক্ষা সহায়কভাতা প্রদেয় হইবে, তবে, স্বামী ও স্ত্রী উভয়ই সরকারি কর্মচারী হইলে সন্তান সংখ্যা যে কোন একজনের ক্ষেত্রেই গণনা করিয়া ভাতার পরিমাণ নির্ধারণ করিতে হইবে।

(২) বয়সের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ২১ (একুশ) বৎসর পর্যন্ত বয়সী সন্তানেরা শিক্ষা সহায়কভাতা প্রাপ্য হইবেন।

(৩) শিক্ষা সহায়কভাতার বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪/১০/২০১৫ খ্রি. তারিখের ০৭.১৭৩.০৩১.০২.০০.০৩০.২০১০-৭৯ নং স্মারক অনুসরণ করিতে হইবে।

২১। **টিফিনভাতা**।-জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১ নং হইতে ২০ নং গ্রেডের কর্মচারীগণ মাসিক ২০০ (দুই শত) টাকা টিফিনভাতা প্রাপ্য হইবেন, তবে যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিনভাতা প্রযোজ্য হইবে না।

২২। **কার্যভারভাতা**।-চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর মূল বেতনের ১০% হারে কার্যভারভাতা প্রাপ্য হইবেন এবং ইহার সর্বোচ্চ সীমা হইবে মাসিক ১৫০০ (একহাজার পাঁচশত) টাকা।

২৩। **যাতায়াতভাতা**।-(১) জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১ নং হইতে ২০ নং গ্রেডের বেসামরিক কর্মচারীর ক্ষেত্রে সিটি কর্পোরেশন এলাকায় কর্মস্থল হইলে তিনি ১ জুলাই ২০১৬ তারিখ হইতে মাসিক ৩০০ (তিন শত) টাকা হারে যাতায়াতভাতা প্রাপ্য হইবেন।

(২) প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মচারীদের জন্য গাড়ি ক্রয় ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালা, সর্বশেষ সংশোধনীসহ, প্রযোজ্য হইবে।

২৪। **ধোলাইভাতা**।-যে সকল কর্মচারীর ক্ষেত্রে ধোলাইভাতা প্রযোজ্য, তাঁহারা মাসিক ১০০ (এক শত) টাকা প্রাপ্য হইবেন।

২৫। **আপ্যায়নভাতা**।-মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব ২০০০ (দুই হাজার) টাকা; সিনিয়র সচিব/ সচিব ১০০০ (এক হাজার) টাকা; অতিরিক্ত সচিব ৯০০ (নয় শত) টাকা এবং যুগ্ম-সচিব/ অন্যান্য প্রাধিকারভুক্ত কর্মচারীগণ ৬০০ (ছয় শত) টাকা হারে মাসিক আপ্যায়নভাতা প্রাপ্য হইবেন।

২৬। **ডোমেস্টিক এইড এলাউন্স** ।-প্রাধিকারভুক্ত সরকারি কর্মচারীদের ক্ষেত্রে ডোমেস্টিক এইড এলাউন্স মাসিক ৩০০০ (তিন হাজার) টাকা প্রদেয় হইবে।

২৭। **পাহাড়িভাতা**।-পার্বত্য জেলাসমূহের জেলা সদর ও সদর উপজেলায় নিযুক্ত সকল কর্মচারীর জন্য মূল বেতনের ২০% হারে সর্বোচ্চ ৩০০০ (তিন হাজার) টাকা এবং অন্যান্য উপজেলার জন্য মূল বেতনের ২০% হারে সর্বোচ্চ ৫০০০ (পাঁচ হাজার) টাকা পাহাড়িভাতা প্রদেয় হইবে।

২৮। **প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণভাতা**।-**(১)** প্রশিক্ষণ প্রতিষ্ঠানে শুধু প্রশিক্ষণ কাজে প্রেষণে নিয়োজিত ৯ম গ্রেড ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মচারীগণের জন্য প্রশিক্ষণভাতা বহাল থাকিবে।

(২) এই ভাতা নির্ধারণের ক্ষেত্রে নূতন বেতনস্কেল কার্যকর হইবার অব্যবহিত পূর্বে সংশ্লিষ্ট কর্মচারী সর্বশেষ মূল বেতনের শতকরা হারে সর্বশেষ যে পরিমাণে (টাকার অংকে) প্রেষণভাতা আহরণ করিতেন, তিনি সেই পরিমাণে ভাতা পাইতে থাকিবেন; নূতন বেতনস্কেলের সহিত বেতনের শতাংশ হিসাবে এই ভাতার হার/পরিমাণ নির্ধারিত হইবে না অর্থাৎ ১ জুলাই ২০১৬ হইতে মূল বেতনের সহিত তাঁহারা এই ভাতা নির্ধারিত পরিমাণেই (টাকার অংকে) উত্তোলন করিবেন।

(৩) ১ জুলাই ২০১৫ তারিখে বা পরবর্তী সময়ে যোগদানকৃত কর্মচারীগণ জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী মূল স্কেলের উপর ভিত্তি করিয়া এই ভাতা প্রাপ্য হইবেন।

২৯। **ফায়ার সার্ভিস, আনসার, ভিডিপি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, র‍্যাপিড একশান ব্যাটালিয়ান (র‍্যাব) ও সেবিকাগণের (Nurses) জন্য প্রচলিত ভাতাদি**।-বর্তমান বেতনস্কেল অনুযায়ী ফায়ার সার্ভিস, আনসার, ভিডিপি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, র‍্যাব ও সেবিকাগণ (Nurses), যে সকল প্রচলিত ভাতা, যদি থাকে, (টাকার অঙ্কে) ৩০ জুন ২০১৫ তারিখে আহরণ করিয়াছেন সেই সকল ভাতা তাঁহারা একইরূপ শর্তে ৩০ জুন ২০১৬ তারিখে পর্যন্ত আহরণ করিবেন, ১ জুলাই ২০১৫ হইতে ৩০ জুন ২০১৬ তারিখে বর্ণিত প্রচলিত ভাতা (টাকার অঙ্কে) বাবদ আহরিত বা প্রাপ্য অঙ্কের উপর ১ জুলাই ২০১৬ হইতে ৩০% বর্ধিত হারে প্রদেয় হইবে।

৩০। **ঝুঁকিভাতা**।-(১) ৩০ জুন ২০১৫ তারিখে র‍্যাপিড একশান ব্যাটালিয়ান (র‍্যাব), ফায়ার সার্ভিস, আনসার ও ভিডিপি, কোস্টগার্ড এবং কারা অধিদপ্তর-এর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী সর্বশেষ যে পরিমাণ (টাকার অংকে) ঝুঁকিভাতা (প্রযোজ্য ক্ষেত্রে), ভাতা বাবদ আহরণ করিতেন, সেই পরিমাণের সহিত সামঞ্জস্য রাখিয়া একটি নির্দিষ্ট পরিমাণ টাকা (পদভিত্তিক) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৮/১০/২০১৫ খ্রি. তারিখের যথাক্রমে ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫-৮১; ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫-৮৩; ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫-৮৪; ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫-৮৫ এবং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫-৮৬ নং স্মারক অনুযায়ী ভাতা হিসাবে পাইতে থাকিবেন, জাতীয় বেতনস্কেল ২০১৫ এর সহিত ১ জুলাই ২০১৫ বা পরবর্তী সময়ে বেতনের শতাংশ হিসাবে এই ভাতার হার বা পরিমাণ নির্ধারিত হইবে না।

(২) কোস্টগার্ড ও র‍্যাব এ যাঁহারা প্রেষণে নিয়োজিত হইবেন তাঁহারা নিজ বাহিনীর জন্য নির্ধারিত ঝুঁকিভাতা বা বিশেষ ভাতা কিংবা প্রতিরক্ষা সার্ভিসভাতা (কেবল প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্য হইবেন না।

৩১। **এনএসআই, ডিজিএফআই, এসএসএফ, পিজিআর, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এর কর্মচারীদের জন্য বিশেষ ভাতা/ বিশেষ গার্ডভাতা/ ঝুঁকি ভাতাদি**।-এনএসআই, ডিজিএফআই, এসএসএফ, পিজিআর, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের কর্মচারী এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীদের ক্ষেত্রে নূতন বেতনস্কেল কার্যকর হওয়ার অব্যবহিত পূর্বে সংশ্লিষ্ট কর্মচারী সর্বশেষ মূল বেতনের শতকরা হারে ৩০ জুন ২০১৫ তারিখে যে পরিমাণে (টাকার অংকে) বিশেষ ভাতা/ বিশেষ গার্ডভাতা/ ঝুঁকিভাতা (প্রযোজ্য ক্ষেত্রে), বাবদ আহরণ করিতেন, তিনি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, সেই পরিমাণে ভাতা পাইতে থাকিবেন, যথা:-

(ক) জাতীয় বেতনস্কেল ২০১৫ এর সহিত, ১ জুলাই ২০১৫ তারিখে বা পরবর্তী সময়ে বেতনের শতাংশ হিসাবে এই ভাতার হার বা পরিমাণ নির্ধারিত হইবে না;

(খ) প্রেষণে নিয়োজিত কর্মচারীগণ নিজ বাহিনীর জন্য নির্ধারিত ঝুঁকিভাতা বা বিশেষ ভাতা বা প্রতিরক্ষা সার্ভিসভাতা (কেবল প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্য হইবেন না;

(গ) ১ জুলাই ২০১৫ তারিখে বা পরবর্তী সময়ে যোগদানকৃত, পদোন্নতিপ্রাপ্ত বা উচ্চতর গ্রেড প্রাপ্ত কর্মচারীগণ জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী অনুরূপ মূল স্কেলের উপর ভিত্তি করিয়া বিদ্যমান হার অনুযায়ী ভাতা প্রাপ্য হইবেন।

৩২। **প্রেষণভাতা**।-প্রেষণে নিয়োজিত কর্মচারীদের মূল বেতনের ২০% হারে প্রচলিত প্রেষণভাতা ১ জুলাই ২০১৫ তারিখ হইতে বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখের পরে আহরিত প্রেষণভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

৩৩। **আয়কর**।-আয়করের আওতাভুক্ত সকল কর্মচারী বাধ্যতামূলকভাবে আয়কর আইনের বিধান মোতাবেক নিজের বেতন খাতের আয়সহ মোট আয় নিরূপণ ও নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধপূর্বক যথাসময়ে আয়কর রিটার্ন দাখিল করিবেন।

৩৪। **অন-লাইনে বেতন নির্ধারণ পদ্ধতি**।-(১) জাতীয় বেতনস্কেল, ২০১৫ জারির পর প্রত্যেক সরকারি কর্মচারী ইন্টারনেট (Online) ব্যবহারপূর্বক বেতন নির্ধারণের জন্য নির্ধারিত ওয়েবসাইটে (www.payfixation.gov.bd) লগ ইন করিয়া নিজ নিজ বেতন নির্ধারণের (Pay Fixation) জন্য নির্দিষ্ট ছক পূরণ করিবেন।

(২) লগ ইন করিবার জন্য প্রত্যেক সরকারি কর্মচারীকে তাঁহার জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নম্বর এবং জন্মতারিখ ব্যবহার করিতে হইবে।

(৩) কোন কর্মচারীর জাতীয় পরিচয়পত্র না থাকিলে, তাহাকে বেতন নির্ধারণের পূর্বে জাতীয় পরিচয়পত্র নিবন্ধন করিতে হইবে, একইভাবে, কোন কর্মচারীর জাতীয় পরিচয়পত্রের জন্ম তারিখ চাকরির রেকর্ডের জন্মতারিখ হইতে ভিন্ন হইলে তাহাকেও বেতন নির্ধারণের পূর্বে চাকরির রেকর্ডে উল্লিখিত জন্মতারিখের ভিত্তিতে আবশ্যিকভাবে জাতীয় পরিচয়পত্র সংশোধন করিতে হইবে।

(৪) লগ ইন করিবার পর বেতন নির্ধারণের জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ নির্দিষ্ট ছক পূরণ করিতে হইবে।

(৫) তথ্যাদি দাখিল (Submit) করিবার পর স্বয়ংক্রিয়ভাবে নতুন বেতনস্কেলে সংশ্লিষ্ট কর্মচারীর মূল বেতনের পরিমাণ নির্ধারিত হইবে, অত:পর বেতন নির্ধারণী ওয়েবসাইট হইতে দুইটি কপি 'বেতন নির্ধারণী বিবরণী' (Hard Copy) প্রিন্ট করিয়া স্বাক্ষরপূর্বক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রতিপাদনের জন্য প্রেরণ করিতে হইবে।

(৬) যে সকল কর্মচারীর জন্য সার্ভিস বই সংরক্ষণ প্রযোজ্য তাঁহাদেরকে একই সাথে সার্ভিস বইও প্রেরণ করিতে হইবে।

(৭) অনলাইনে দাখিলকৃত প্রত্যেকটি বেতন নির্ধারণী বিবরণী তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে পাওয়া যাইবে, হিসাবরক্ষণ অফিস প্রাপ্ত বিবরণীর সঠিকতা অনলাইনে যাচাই করিবে এবং সঠিক প্রতীয়মান হইলে তাহা অনলাইনে প্রতিপাদন করিবে।

(৮) প্রতিপাদনের পর হিসাবরক্ষণ অফিস ওয়েবসাইট হইতে স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত ভেরিফিকেশন নম্বরটি 'বেতন নির্ধারণী বিবরণী' এর নির্দিষ্ট স্থানে লিপিবদ্ধ ও প্রতিপাদনসূচক স্বাক্ষর করিবে এবং সংশ্লিষ্ট কর্মচারীর নিকট এক কপি (hard copy) প্রেরণ করিবে।

(৯) এই সংক্রান্ত বিস্তারিত ব্যবহার নির্দেশিকা আলাদাভাবে প্রকাশ করা হইয়াছে, যাহা বেতন নির্ধারণী ওয়েব সাইট (www.payfixation.gov.bd), অর্থ বিভাগ (www.mof.gov.bd) এবং হিসাব মহা নিয়ন্ত্রকের (www.cga.bd.org) কার্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাইবে।

(১০) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস চূড়ান্তভাবে প্রতিপাদনকৃত 'বেতন নির্ধারণী বিবরণী'-এর ভিত্তিতে বেতন পরিশোধ করিবে এবং এই প্রক্রিয়ায় কম বা বেশি বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা সমন্বয়যোগ্য হইবে।

**৩৫। রহিতকরণ ও হেফাজত।**-(১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ, এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহবুব আহমেদ
সিনিয়র সচিব
অর্থ বিভাগ

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd